দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শনিবার ॥ ২১ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০৩ রমজান ১৪৪৭ ॥ ০৮ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৮০ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আল্লাহ সাক্ষ্য দিয়েছেন যে, তাঁকে ছাড়া আর কোন উপাস্য নেই। ফেরেশতাগণ এবং ন্যায়নিষ্ঠ জ্ঞানীগণও সাক্ষ্য দিয়েছেন যে, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। তিনি পরাক্রমশালী প্রজ্ঞাময়।

সূরা আল ইমরান- ১৮

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাঙ্কর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

গণতন্ত্রের অগ্রযাত্রাকে সুসংহত করতে বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, গণতান্ত্রিক মূল্যবোধ, জনগণের অধিকার ও সমতা প্রতিষ্ঠাই ছিল একুশের ২ এর পাতায় দেখুন

এলডিসি উত্তরণ: তিন বছর স্থগিত চেয়ে জাতিসংঘে চিঠি দিলো বাংলাদেশ

কীর্তনখোলা ডেস্ক

স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণ প্রক্রিয়া তিন বছরের জন্য স্থগিতের আনুষ্ঠানিক অনুরোধ জানিয়েছে সরকার। এ বিষয়ে ২ এর পাতায় দেখুন

এই সরকারের ওপর বিগত আমলের বিশাল ঋণের বোঝা: অর্থমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, বিগত আমলে বিপুল ঋণ নেওয়া হলেও তা কোনো ভালো ২ এর পাতায় দেখুন

এখন টিভি-বাসসের ঘটনা অশুভ সংস্কৃতির আভাস দিচ্ছে

কীর্তনখোলা ডেস্ক

এখন টিভি ও বাসসের ঘটনা অশুভ সংস্কৃতির আভাস দিচ্ছে বলে মন্তব্য করেছে ইসলামী আন্দোলন বাংলাদেশ। ২ এর পাতায় দেখুন

শপথ নিয়ে প্রথম বরিশাল আসছেন তথ্যমন্ত্রী জহিরউদ্দিন স্বপন

কীর্তনখোলা রিপোর্ট

মন্ত্রী হিসেবে শপথ ও দায়িত্ব গ্রহনের পর প্রথমবার নিজ নির্বাচনী এলাকায় আসছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী এম জহির উদ্দিন স্বপন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-১ (গৌরনদী-আগৈলঝাড়া) আসন থেকে তৃতীয়বার সংসদ সদস্য নির্বাচিত হয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্ব পেয়েছেন জহির উদ্দিন স্বপন। নির্বাচিত হওয়ার পরপরই শপথ গ্রহণের জন্য তিনি ঢাকায় অবস্থান করছিলেন। প্রথমবার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্ব পেয়ে শুক্রবার (২০ ফেব্রুয়ারি) সরকারি সফরে তিনি বরিশাল শহর ও নিজ নির্বাচিত এলাকায় সফরে আসবেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপসচিব মুহাম্মদ সাঈদ আলী স্বাক্ষরিত পত্রে জানা গেছে, তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টায় জাতীয় প্রেসক্লাব থেকে গৌরনদীর উদ্দেশ্যে সড়ক পথে যাত্রা শুরু করবেন। রাত দশটায় গৌরনদী উপজেলার প্রবেশদ্বার ভুরঘাটা বাসষ্ট্যান্ডে বিএনপির নেতৃবৃন্দরা মন্ত্রীকে অভ্যর্থনা প্রদান করবেন। রাত ১২ টা ১ মিনিটে তথ্যমন্ত্রী গৌরনদীর কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করে রাত সাড়ে বারোটায় বরিশাল সার্কিট হাউজে রাত্রীযাপন করবেন। শনিবার (২১ ফেব্রুয়ারি) সকাল সাড়ে দশটায় মহান শহীদ দিবস উপলক্ষ্যে বরিশাল শিল্পকলা একাডেমীতে জেলা প্রশাসনের উদ্যোগে ২ এর পাতায় দেখুন

রমজানের শিক্ষা: রিজিকের পবিত্রতা ও এহসান

মাওলানা মোহাম্মদ ইউসুফ

পবিত্র মাহে রমজানের প্রতিটি মুহূর্ত মুমিনের জন্য আত্মশুদ্ধির এক অনন্য সুযোগ। আজ রমজানের তৃতীয় দিনে আমাদের প্রধান পাথেয় হওয়া উচিত রিজিকের পবিত্রতা। সিয়াম সাধনার মূল কথা হলো তাকওয়া অর্জন করা। যে হাত ও মুখ দিয়ে আমরা সারাদিন মহান আল্লাহর ভয়ে বৈধ খাবার এবং ২ এর পাতায় দেখুন

অধিকার আদায়ের চির প্রেরণা মহান একুশে ফেব্রুয়ারি আজ

কীর্তনখোলা ডেস্ক

পৃথিবীর সব দেশে সবার কাছেই প্রিয় তাদের মাতৃভাষা। আমাদের মাতৃভাষা বাংলা। এই ভাষাকে নিয়ে আমরা গর্ব করি। ভাষার অধিকার প্রতিষ্ঠায় চরম মূল্য দিতে হয়েছে আমাদের। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাঙালি জাতি মাতৃভাষার মর্যাদা ও অধিকার আদায়ে প্রাণ দিয়েছে। রচিত হয়েছে অভূতপূর্ব ইতিহাস। বুকের রক্ত দিয়ে সালাম, সফিক, বরকত, জব্বার, রফিক যে ইতিহাস রচনা করেছেন, সেটিই হয়ে উঠেছে বাঙালির অধিকার আদায়ের, মাথা নত না করার চির প্রেরণা। তাই একুশে ফেব্রুয়ারি শুধু একটি দিন নয়, বাঙালির আবেগ, ভালোবাসা, আত্মপরিচয়ের সঙ্গে মিলেমিশে একাকার হয়ে যাওয়া এক প্রেরণার উৎস। আজ সেই মহান শহীদ দিবস। শহীদ মিনারে অমর সেই শহীদদের প্রতি শ্রদ্ধা জানাচ্ছে আজ সবাই। ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে মানুষের ঢল। পুষ্পে পুষ্পে ভরে যাবে শহীদ মিনার। আমরা শ্রদ্ধাবনতচিত্তে ভাষা আন্দোলনের জানা-অজানা সব শহীদকে স্মরণ করি। বাঙালির ত্যাগের মহিমা স্বীকার করে, সেই ত্যাগের স্মৃতিকে অক্ষয় করে রাখার জন্য ইউনেস্কো ১৯৯৯ সালে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা দিয়েছে। তাই একুশে ফেব্রুয়ারি শুধু বাঙালির কাছেই স্মরণীয় নয়, সমস্ত বিশ্বে এদিনটি পালিত হয় যথাযথ মর্যাদাসহকারে। সারা বিশ্বই আজ এই দিবসটি পালন করবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে। স্মরণ করবে, শ্রদ্ধা জানাবে বাংলাদেশের ভাষা আন্দোলনের শহীদদের প্রতি। ১৯৪৭ সালের দেশ ভাগের পর বাঙালির প্রতি যে অন্যায় ও বৈষম্যমূলক আচরণ শুরু করেছিল পশ্চিম পাকিস্তানের শাসক গোষ্ঠি, ’৫২-র ভাষা আন্দোলন ছিল তারই একটি প্রবল প্রতিবাদ। শাসকের বুলেটও তা থামাতে পারেনি। ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচন, পরবর্তীতে সামরিক ২ এর পাতায় দেখুন

স্কুল ছাত্রকে লাথি মেরে হত্যার পর লাশ খালে

হিজলা প্রতিনিধি

বরিশালের হিজলায় স্কুল ছাত্রকে লাথি মেরে হত্যা করেছে তার প্রতিবেশী এক যুবক। পরে লাশ খালে ফেলে দেয়। হিজলা উপজেলার চরবিশোর গ্রামে থেকে শুক্রবার সকালে লাশ উদ্ধারের পর স্থানীয়রা হত্যাকারীকে ধরে পুলিশের কাছে হস্তান্তর করে বলে বরিশালের সহকারী পুলিশ সুপার তারেক আমান বান্না জানিয়েছেন। নিহত ১২ বছর বয়সী আরিফ রাঢ়ী উপজেলার হিজলা-গৌরব্দী ইউনিয়নের চরবিশোর গ্রামের বাসিন্দা আনিছ রাঢ়ীর ছেলে। তাকে হত্যার অভিযোগে গ্রেপ্তার মোশারফ বয়াতি (২৬) প্রতিবেশী শাহজালাল বয়াতির ছেলে। মোশারফের বরাতে সহকারী পুলিশ সুপার তারেক আমান বান্না বলেন, “বৃহস্পতিবার এশার নামাজের আগে ২ এর পাতায় দেখুন

৮ উপদেষ্টার দপ্তর বণ্টন, কে পেলেন কোন দায়িত্ব

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন নতুন সরকারে মন্ত্রী ও প্রতিমন্ত্রী পদমর্যাদায় নিয়োগ পাওয়া উপদেষ্টাদের মধ্যে আটজনের দপ্তর বণ্টন করা হয়েছে। শুক্রবার (২০ ফেব্রুয়ারি) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এর আগে গত মঙ্গলবার ১০ জন উপদেষ্টাকে নিয়োগ দেওয়া হয়েছিল। প্রজ্ঞাপন অনুযায়ী, মন্ত্রী পদমর্যাদার উপদেষ্টাদের মধ্যে মির্জা আব্বাস উদ্দিন আহমেদ, নজরুল ইসলাম খান ও রুহুল কবীর রিজভী আহমেদকে প্রধানমন্ত্রীর ‘রাজনৈতিক উপদেষ্টা’ হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়গুলোর মধ্যে মো. ইসমাইল জবিউল্লাহকে ২ এর পাতায় দেখুন

রমজানে বরিশালে ফলের বাজার অস্থির, চরম ক্ষোভ ক্রেতাদের

কীর্তনখোলা রিপোর্ট

পবিত্র রমজানকে কেন্দ্র করে বরিশাল নগরীর বিভিন্ন ফলের দোকানে যেমন বেড়েছে ক্রেতাদের ভিড়, ঠিক তেমনই বেড়েছে প্রতিটি ফলের দাম। ইফতারসামগ্রী হিসেবে খেজুর, মালটা, আপেল, কমলা ও আঙ্গুরসহ নানা ধরনের ফল কিনতে দোকানগুলোতে ক্রেতাদের উপচে পড়া ভিড় দেখা যাচ্ছে। তবে চাহিদা বাড়ার সাথে সাথে দামও বেড়েছে উল্লেখযোগ্য হারে। এতে ক্ষোভ প্রকাশ করেছেন সাধারণ ভোক্তারা। শুক্রবার পবিত্র রমজানের দ্বিতীয় দিনে সরেজমিনে দেখা যায়, নগরীর প্রধান প্রধান বাজার ও অলিগলির ফলের দোকানগুলোতে ক্রেতাদের ভিড় থাকলেও অধিকাংশই উচ্চমূল্য নিয়ে অসন্তোষ প্রকাশ করছেন। খেজুরের দাম মানভেদে কেজিপ্রতি ২০০ থেকে ৩০০ টাকা পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। একইভাবে মালটা, আপেল, কমলা ও আঙুরের দামও গত সপ্তাহের তুলনায় কেজিপ্রতি ১০০ থেকে ২০০ টাকা পর্যন্ত বেড়েছে। ক্রেতারা উল্লেখ করেন, রমজান এলেই কিছু অসাধু ব্যবসায়ী কৃত্রিম সংকট তৈরি ২ এর পাতায় দেখুন

বকেয়া বিলের চাপে বেসরকারি বিদ্যুৎকেন্দ্র, রোজা ও গ্রীষ্মে সরবরাহ নিয়ে শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক

বকেয়া বিলের চাপ ও জ্বালানি আমদানিতে জটিলতার কারণে আসন্ন রোজা ও গ্রীষ্ম মৌসুমে চাহিদামতো বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছে বাংলাদেশ ইনডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসারস অ্যাসোসিয়েশন (বিপপা)। রাজধানীর বনানীর একটি হোটেলে আয়োজিত মতবিনিময় সভায় সংগঠনটির নেতারা জানান, গত বছরের জুলাইয়ের পর থেকে বেসরকারি খাতের বিদ্যুৎকেন্দ্রগুলো নিয়মিত বিল পাচ্ছে না। বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রাখার চেষ্টা করা হলেও বকেয়া বেড়ে যাওয়ায় ব্যাংকে ঋণপত্র (এলসি) খুলতে সমস্যা হচ্ছে। ২ এর পাতায় দেখুন

এইচএসসির ফরম পূরণ শুরু হচ্ছে ১ মার্চ

কীর্তনখোলা ডেস্ক

২০২৬ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার ফরম পূরণ শুরু হবে আগামী ১ মার্চ। বিলম্ব ফি (জরিমানা) ছাড়া এ কার্যক্রম চলবে ৯ মার্চ পর্যন্ত। ফি পরিশোধ করা যাবে ১০ মার্চ পর্যন্ত। তবে জরিমানাসহ শিক্ষার্থীরা ১১ থেকে ১৮ মার্চ পর্যন্ত ফরম পূরণ করতে পারবেন। ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দারের সই করা ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী ২ এর পাতায় দেখুন

ছাত্রদল নেতা টিপু ও জাসাস’র কবিরের মৃত্যুবার্ষিকী আজ

আগৈলঝাড়া প্রতিনিধি

বিগত আওয়ামীলীগ সরকারের সময় বিনা বিচারে পুলিশের ক্রসফায়ারে নিহত উপজেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক টিপু হাওলাদার ও উপজেলা জাসাসের সদস্য কবির হোসেনের আজ ২১ফেব্রুয়ারী শনিবার ১১তম মৃত্যুবার্ষিকী। তৎকালীন আওয়ামীলীগ সরকারের সময় প্রভাবশালী নেতার সহযোগীতায় বিনা বিচারে তাদেরকে ক্রসফায়ারের নামে হত্যা করা হয়েছিল। নিহত জাসাসের সদস্য কবির হোসেনের ছেলে আশিকুর রহমান আসিফ জানান, আওয়ামী লীগের নেতাকর্মীরা প্রতিহিংসাপরায়ণ হয়ে আমার বাবাকে হত্যার পরিকল্পনা করেন। আওয়ামী লীগের নেতাকর্মীদের প্ররোচনায় পুলিশ কর্মকর্তারা ২০১৫ সালের ১৪ ফেব্রুয়ারি আমার বাবাকে ২ এর পাতায় দেখুন

বরিশালসহ তিন বিভাগে ২৩ ও ২৪ ফেব্রুয়ারি ঝড়-বৃষ্টির আভাস

কীর্তনখোলা ডেস্ক

ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগে আগামী ২৩ ও ২৪ ফেব্রুয়ারি বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টির আভাস দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। শুক্রবার সকাল ৯টা থেকে পরবর্তী ১২০ ঘণ্টার পূর্বাভাসে সংস্থাটি জানিয়েছে, সপ্তাহের শুরুতে সারাদেশে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকলেও শেষের দিকে এসব বিভাগে অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি হতে পারে। এ সময় দিনের তাপমাত্রা সামান্য কমাবাড়ার প্রবণতা থাকতে পারে। পূর্বাভাসে আবহাওয়ার সিনপটিক অবস্থায় বলা হয়েছে, বিষুবীয় ভারত মহাসাগর ও তৎসংলগ্ন দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত একটি লঘুচাপ পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে ২ এর পাতায় দেখুন

নগরীতে কনের বিরুদ্ধে কুৎসা রটনায় সংঘর্ষ, আহত ৫

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর রূপাতলী এলাকায় বিয়ের কনেকে নিয়ে কুৎসা রটনার অভিযোগকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উপায় পক্ষের ৫জন আহত হয়েছে। শুক্রবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে রূপাতলী এলাকার গাউছিয়া সড়কে এ ঘটনা ঘটে। এতে কনের বৃদ্ধ দাদা ও অভিযুক্ত পক্ষের এক নেতাসহ উভয় পক্ষের বেশ কয়েকজন আহত হয়েছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, কনে মুন্নি আক্তার (১৯)-এর বিয়ের অনুষ্ঠান ও ইফতার মাহফিল উপলক্ষে আয়োজন চলছিল। এ সময় প্রতিবেশী শাকিল খান ও জাহিদ খানসহ কয়েকজন বরপক্ষের কাছে কনের চরিত্র নিয়ে মিথ্যা অপবাদ রটায় এবং ‘বিষপান করে আত্মহত্যার চেষ্টা’ করেছেড়এমন গুজব ছড়ায় বলে অভিযোগ ওঠে। জুমার নামাজ শেষে দুপুর আনুমানিক ২টা ১৫ মিনিটের দিকে কনের পরিবার অভিযুক্তদের কাছে এ বিষয়ে জানতে চাইলে উভয় পক্ষের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। ২ এর পাতায় দেখুন

স্থগিত ভিসা প্রক্রিয়া চালু করতে সরকার কাজ করছে: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

বিভিন্ন দেশের সঙ্গে স্থগিত ভিসা প্রক্রিয়া চালু করতে সরকার কাজ করছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তিনি বলেন, ‘কোনো বিশেষ দেশের প্রতি অতি নির্ভরশীলতা নয়; বরং ২ এর পাতায় দেখুন

ছুটির ঘন্টা

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আজ দৈনিক কীর্তনখোলা পত্রিকার বার্তা বিভাগ বন্ধ থাকবে। তাই আগামীকাল পত্রিকা প্রকাশিত হবে না। সোমবার যথারীতি পাঠকের হাতে পৌঁছে যাবে দৈনিক কীর্তনখোলা।

কর্মাধ্যক্ষ

সমঝোতার চাঁদা: একই যুক্তি অন্য খাতেও প্রয়োগের আশঙ্কা টিআইবির

কীর্তনখোলা ডেস্ক

সড়কে চাঁদাবাজিকে ‘সমঝোতার ভিত্তিতে লেনদেন’ হিসেবে গ্রহণযোগ্যতা দেওয়া হলে একই যুক্তি অন্যান্য খাতেও প্রয়োগের পথ খুলে যেতে পারে এমন আশঙ্কা প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। শুক্রবার (২০ ফেব্রুয়ারি) দেওয়া এক বিবৃতিতে সংস্থাটি জানায়, চাঁদাবাজির মতো একটি অপরাধকে ভিন্ন ব্যাখ্যায় উপস্থাপন করে বৈধতার আবরণ দেওয়ার চেষ্টা দুর্নীতিবিরোধী ঘোষিত অবস্থানের পরিপন্থী। টিআইবির মতে, এতে শুধু পরিবহন ২ এর পাতায় দেখুন

সংরক্ষিত নারী আসন

বিএনপির ৩৫ টিকিটের দৌড়ে শতাধিক মুখ

কীর্তনখোলা ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ জয় পাওয়া বিএনপি নেতৃত্বাধীন জোট সরকার গঠন করেছে। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নিয়েছেন তারেক রহমান। তার নতুন মন্ত্রিসভা গঠনের রেশ কাটতে না কাটতেই দলীয় অন্দরে আরেক আলোচনা শুরু হয়েছে। সংসদে সংরক্ষিত নারী আসনে কে পাচ্ছেন বিএনপির টিকিট। সাধারণ নির্বাচনে ২০৯ আসন পাওয়ায় সংরক্ষিত ৫০ আসনের মধ্যে ৩৫টি যাচ্ছে বিএনপির ঝুলিতে। সেগুলো পেতে শুরু হয়েছে দৌড়। দলীয় সূত্রের দাবি, শতাধিক নেত্রী এরই মধ্যেই সক্রিয় হয়েছেন। কেউ ঢাকায় ডেরা ফেলেছেন, কেউ শীর্ষ নেতাদের সঙ্গে টানা যোগাযোগ রাখছেন। আর নির্বাচন কমিশন রোজার ২ এর পাতায় দেখুন

রাতে কিশোররা অযাচিত ঘোরাঘুরি করলে পুলিশ জিজ্ঞাসাবাদ করবে

কীর্তনখোলা ডেস্ক

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, রাতে কিশোরদের রাস্তায় অযাচিত ঘোরাঘুরি বন্ধ করতে হবে। এখন রাতে রাস্তায় ঘুরলে পুলিশ জিজ্ঞাসাবাদ করবে। এতে কনস্টিটিউশনাল ভায়োলেন্স হলে সেটি আমরা পরে দেখবো। শুক্রবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে নিজ নির্বাচনি এলাকা চাঁদপুরের কচুয়ায় স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে এ নির্দেশনা দেন তিনি। সরকারি কর্মকর্তা-কর্মচারীরা দুর্নীতিমুক্ত না থাকতে পারলে বদলি হয়ে অন্যত্র চলে যাওয়ার নির্দেশনা দিয়ে এহছানুল হক মিলন বলেন, আমি জীবনে দুর্নীতি করবো না, কাউকে দুর্নীতি করতে দেবো না, এটি আমার প্রমিজ (প্রতিজ্ঞা)। তিনি আরও বলেন, আমার ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

পণ্যমূল্য নিয়ন্ত্রণ করুন

প্রতিবছরই দেখা যায় পবিত্র রোজায় বেশি ব্যবহৃত খাদ্যপণ্যগুলোর দাম হু হু করে বেড়ে যায়। অথচ হঠাৎ করে দাম বেড়ে যাওয়ার কোনো বাস্তবভিত্তিক কারণ খুঁজে পাওয়া যায় না। এ বছরও তার ব্যতিক্রম হয়নি। রমজান মাস শুরু হওয়ার সপ্তাহ দুয়েক আগে থেকেই ব্যবসায়ীরা প্রায় প্রতিটি জরুরি পণ্যের দাম বাড়িয়ে দিয়েছেন। এরই মধ্যে বাজারে লেবুর দাম বেড়ে গেছে কয়েক গুণ। এক মাস আগেও যে লেবুর হালি ছিল ২০ থেকে ৪০ টাকার মধ্যে, সেই একই লেবু এখন বিক্রি হচ্ছে ৭০ থেকে ১০০ টাকা দরে। বেড়েছে খেজুরসহ কিছু ফলের দাম। ছোলা, পেঁয়াজ, মাছ, মাংস, শাক-সবজির দামও সপ্তাহের ব্যবধানে অনেকটাই বাড়তি। এতে সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছে স্বল্প আয়ের মানুষ। প্রকাশিত প্রতিবেদনে জানা গেছে, প্রতিবছরের মতো এবারও নিত্যপণ্যের দাম লাগামহীন হয়ে পড়েছে। ঢাকার বাজারে বেগুন বিক্রি হচ্ছে ১২০ থেকে ১৫০ টাকায়। দুই দিনে কাঁচা মরিচের দাম বেড়েছে কেজিপ্রতি ৪০ থেকে ৮০ টাকা পর্যন্ত। এ ছাড়া শসা, ছোলা, মসুর ডাল, ভোজ্যতেলসহ সব পণ্যের দাম উর্ধ্বমুখী। গরিবের প্রোটিন হিসেবে পরিচিত ব্রয়লার মুরগি ও ডিমের দামও বেড়েছে কেজি ও ডজন প্রতি ১৫ থেকে ২০ টাকা করে। আমাদের ইফতারের আরেকটি অন্যতম অনুষঙ্গ হলো খেজুর। খবরে বলা হয়েছে, জাতীয় রাজস্ব বোর্ড খেজুর আমদানিতে ৪০ শতাংশ শুল্ক কমিয়েছে, কিন্তু এর সুফল ক্রেতা পর্যায়ে মিলছে না। এই পরিস্থিতির আসল কারণ আমাদের কারো অজানা নয়। বছরের পর বছর ধরে কালোবাজারি, সিন্ডিকেট এবং অতি লোভী ব্যবসায়ীরা বাজারব্যবস্থার বারোটা বাজিয়েছেন। এর ভুক্তভোগী সমাজের নিম্নবিত্ত ও মধ্যবিত্তরা। বিশেষ করে রমজানে তাদের টানাপোড়েন কয়েক গুণ বেড়ে যায়। খবরে বলা হয়েছে, অন্তর্বর্তী সরকার আমদানিনির্ভর পণ্যগুলো চাহিদার চেয়ে ৪০ শতাংশ বেশি আমদানি ও মজুদ করেছে। সেই হিসাবে বাজারে পণ্যের ঘাটতি বা মূল্য বাড়ার কোনো কারণ থাকার কথা না। কিন্তু বাস্তবতা হচ্ছে, বাজারে প্রায় প্রতিটি জিনিসেরই দাম বেড়েছে। এর প্রধান কারণ, বাজারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষগুলোর উপযুক্ত নজরদারি না থাকা। আর সেই সুযোগ নেয় প্রভাবশালী সিন্ডিকেট। তারা প্রতিদিন মানুষের পকেট কাটে। এর থেকে পরিত্রাণের পথ সরকারকে বের করতে হবে। বিশ্লেষক মহল জানিয়েছে, নিত্যপণ্যের বাজার নিয়ে উদ্বেগ নতুন না। তারা আরও জানিয়েছে, এটি এমন কোনো সংকট নয়, যার সমাধান নেই। বরং এ ক্ষেত্রে প্রয়োজনীয় প্রস্তুতি, স্বচ্ছতা, আইনের প্রয়োগ ও জবাবদিহির অভাবই পরিলক্ষিত হয়। আমরা আশা করি, রমজানে বাজার নিয়ন্ত্রণের মধ্য দিয়ে নতুন সরকার প্রথম পরীক্ষায় সফলতার সঙ্গে উত্তীর্ণ হবে। ব্যবসায়ীসমাজের উচিত রমজানের পবিত্রতা রক্ষা করে অতি মুনাফার প্রবণতা কমানো এবং মূল্য নিয়ন্ত্রণের ক্ষেত্রে সরকারকে সহযোগিতা করা। পাশাপাশি ট্রাক সেল, ওপেন মার্কেট সেল, ফ্যামিলি কার্ড ও অন্যান্য মাধ্যমে বাজারে সরকারের হস্তক্ষেপ বাড়াতে হবে।

শপথ নিয়ে প্রথম বরিশাল আসছেন

আলোচনায় সভায় তিনি প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। একইদিন দুপুর দুইটায় আগৈলঝাড়া অডিটোরিয়ামে মন্ত্রীর পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন অনুষ্ঠান ও বিকেল চারটায় উপজেলা প্রশাসনের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে।

৮ উপদেষ্টার দপ্তর বণ্টন

জনপ্রশাসন মন্ত্রণালয় এবং রাশেদ আল মাহমুদ তিতুমীরকে অর্থ মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। অন্যদিকে, প্রতিমন্ত্রী পদমর্যাদার উপদেষ্টাদের মধ্যে ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শামসুল ইসলাম প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন। মাহদী আমিনকে একসঙ্গে চারটি মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। এগুলো হলো-শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। এ ছাড়া রেহান আসিফ আসাদকে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্ব প্রদান করা হয়েছে। নতুন এই দপ্তর বণ্টনের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর প্রশাসনিক ও নীতি-নির্ধারণী কার্যক্রমে আরও গতি আসবে বলে ধারণা করা হচ্ছে।

স্থগিত ভিসা প্রক্রিয়া চালু

পারস্পরিক শ্রদ্ধা ও সমমর্যাদার ভিত্তিতে সম্পর্ক এগিয়ে নেওয়া হবে। বাংলাদেশের পররাষ্ট্রনীতি জাতীয় স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার এবং সবার সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ভিত্তিতে পরিচালিত হবে।' শুক্রবার ফরিদপুরের নগরকান্দা উপজেলার লস্করদিয়ায় নিজ বাসভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী সরকারের কূটনৈতিক দৃষ্টিভঙ্গি তুলে ধরেন। শামা ওবায়েদ বলেন, 'বর্তমান সরকারের লক্ষ্য হচ্ছে দেশের মর্যাদা ও স্বার্থ অক্ষুণ্ন রেখে আন্তর্জাতিক অঙ্গনে একটি স্থিতিশীল ও সম্মানজনক অবস্থান নিশ্চিত করা। আমাদের পররাষ্ট্রনীতি শুধু নয়, সকল নীতিই পরিচালিত হবে ও প্রতিফলিত হবে সবার আগে বাংলাদেশ নিয়ে।' ভিসা জটিলতা প্রসঙ্গে তিনি বলেন, 'সরকার এ বিষয়ে আন্তরিকভাবে কাজ করছে। বিশেষ করে বিভিন্ন দেশের সঙ্গে স্থগিত থাকা ভিসা প্রক্রিয়া দ্রুত পুনরায় চালু করতে কার্যকর পদক্ষেপ নেওয়া হচ্ছে।' এর আগে সকালে ঢাকা থেকে রওনা হয়ে তিনি নগরকান্দায় পৌঁছালে থানা প্রাঙ্গণে তাকে গার্ড অব অনার প্রদান করা হয়। পরে তিনি লস্করদিয়ায় নিজ বাড়িতে বিএনপির সাবেক মহাসচিব কে এম ওবায়দুর রহমানের কবর জিয়ারত করেন। এ সময় নগরকান্দা ও সালথা উপজেলা বিএনপির নেতা-কর্মীরা তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান।

নগরীতে কনের বিরুদ্ধে কুৎসা

অভিযোগ রয়েছে, শাকিল খানের নেতৃত্বে ৭ জন চিহ্নিত ব্যক্তি ও অজ্ঞাত আরও ৪-৫ জন দেশীয় অস্ত্র নিয়ে অতর্কিত হামলা চালায়। কনের চাচা সোহাগ হাওলাদার বাদী হয়ে কোতোয়ালি মডেল থানা-এ দায়ের করা এজাহারে উল্লেখ করেন, হামলায় বৃদ্ধ মো. আ. লতিফ হাওলাদারের হাতের কবজি রামদার কোপে গুরুতর জখম হয়। এছাড়া লোহার রড ও লাঠির আঘাতে কনের বাবা ও অন্যান্য স্বজন আহত হন। এজাহারে কনের এক ফুফুর শ্লীলতাহানির অভিযোগও আনা হয়েছে। আহতদের উদ্ধার করে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল-এ ভর্তি করা হয়েছে। কনের পরিবারের দাবি, বিয়ের আনন্দ নষ্ট করতেই পরিকল্পিতভাবে এ হামলা চালানো হয়েছে। তবে অভিযুক্ত বরিশাল মহানগর স্বেচ্ছাসেবক দল নেতা শাকিল খান হামলার অভিযোগ অস্বীকার করে পাল্টা দাবি করেছেন, পূর্ব শত্রুতার জের ধরে সোহাগ হাওলাদার ও মাসুম মৃধাসহ একদল ব্যক্তি তাকে হত্যার উদ্দেশ্যে কুপিয়ে জখম করেছেন। তিনি হামলাকারীদের 'আওয়ামী লীগের দোসর' বলে উল্লেখ করে দাবি করেন, নিজেদের অপরাধ আড়াল করতেই তার বিরুদ্ধে মিথ্যা অপবাদ দেওয়া হচ্ছে। এ বিষয়ে কোতোয়ালি মডেল থানা পুলিশ জানিয়েছে, একটি লিখিত এজাহার পাওয়া গেছে এবং ঘটনার তদন্ত শুরু হয়েছে। এলাকায় উত্তেজনা থাকলেও পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে। তদন্ত সাপেক্ষে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ।

রমজানে বরিশালে ফলের বাজার

করে দাম বাড়িয়ে দেয়। তাই বাজার মনিটরিং জোরদার করা হলে এবং সিন্ডিকেট ভাঙা গেলে দাম কিছুটা নিয়ন্ত্রণে আসতে পারে। ভোক্তাদের দাবি, প্রশাসনের পক্ষ থেকে নিয়মিত তদারকি ও ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম বাড়ানো প্রয়োজন। পাশাপাশি পাইকারি বাজার থেকে খুচরা বাজার পর্যন্ত সরবরাহ ব্যবস্থায় স্বচ্ছতা নিশ্চিত করার ওপর তাঁরা জোর দেন। অন্যদিকে ফলের পাশাপাশি রমজানকে কেন্দ্র করে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দামও লাফিয়ে লাফিয়ে বাড়ছে। বাজারে বর্তমানে গরুর মাংস ৮০০ টাকা, কাঁচামরিচ ২০০ টাকা এবং শসা ও বেগুন ৮০ থেকে ১০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

বকেয়া বিলের চাপে বেসরকারি

ফলে জ্বালানি তেল আমদানিও বাধাগ্রস্ত হচ্ছে। সূচনা বক্তব্যে বলা হয়, ২০২২ সালে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের পর বিল বকেয়া বাড়তে শুরু করে। পরে বন্ড ছাড়ের মাধ্যমে আংশিক সমন্বয় করা হলেও ২০২৪ সালের মাঝামাঝি সময়ে আবার বকেয়া বাড়ে। অন্তর্বর্তী সরকারের সময়ে কিছু পরিশোধে বকেয়া কমে এলেও পরবর্তীতে তা আবার বেড়েছে বলে দাবি করা হয়। বিআইপিপিএ'র সভাপতি কে এম রেজাউল হাসনাত বলেন, "জুলাইয়ের পর বিল পরিশোধ কমিয়ে দেওয়া হয় এবং উল্টো জরিমানা আরোপের সিদ্ধান্ত নেওয়া হয়।" এতে নতুন সরকারের সময়ে লোডশেডিং পরিস্থিতি তৈরি হতে পারে বলেও তিনি মন্তব্য করেন। বিদেশি ও দেশীয় বিদ্যুৎ কোম্পানির মধ্যে বৈষম্যের অভিযোগও তোলেন তিনি। তিনি আরও বলেন, "বকেয়ার কারণে বিদ্যুৎকেন্দ্র চালাতে না পারার বিষয়টি সরকার ব্ল্যাকমেইল হিসেবে দেখতেই পারে, তবে এটি চাপ প্রয়োগের চেষ্টা নয়। উৎপাদন সচল রাখতে উদ্যোক্তারা সর্বোচ্চ চেষ্টা করছেন। কিন্তু ব্যাংক থেকে ঋণপত্র খুলতে না পারায় জ্বালানি কেনা যাচ্ছে না এই বাস্তবতাই সরকারকে জানানো হচ্ছে।" সংগঠনটির তথ্যমতে, বুধবার দেশের সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদা ছিল প্রায় ১৩ হাজার মেগাওয়াট, যা এই সময়ের জন্য গত কয়েক বছরের তুলনায় বেশি। এতে ধারণা করা হচ্ছে, চলতি গ্রীষ্মে চাহিদা আরও বাড়তে পারে। বিআইপিপিএ বলছে, দেশের মোট বিদ্যুতের প্রায় ৫০ শতাংশই বেসরকারি খাত থেকে আসে। তাই টেকসই সমাধানে সরকারের সঙ্গে সমন্বয়ের ভিত্তিতে দ্রুত বকেয়া পরিশোধের উদ্যোগ প্রয়োজন।

এখন টিভি-বাসসের ঘটনা

একইসঙ্গে সাংবাদিক হয়রানি বন্ধ করতে হবে বলেও মন্তব্য করেছে দলটি। দলটির কেন্দ্রীয় প্রচার ও দাওয়াহ সম্পাদক শেখ ফজলুল করীম মারুফ বলেছেন, কোনো ধরনের ব্যাখ্যা না চাওয়া, আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে কাউকে চাকরিচ্যুত করা অমানবিক ও স্বেচ্ছাচারী আচরণ। শুক্রবার (২০ ফেব্রুয়ারি) এক বিবৃতিতে শেখ ফজলুল করীম মারুফ বলেন, বাসসের প্রধান সম্পাদকের সঙ্গে যে আচরণ করা হয়েছে তা দুঃখজনক। তার ব্যাপারে কারো যৌক্তিক কোনো অভিযোগ থাকলে তা সুরাহা করার আইনি ব্যবস্থা আছে, তার চর্চা না করে এক ধরনের মব তৈরি করে তাকে অপদস্থ করা কোনোভাবেই সমর্থনযোগ্য নয়। অন্যদিকে এখন টিভিতে সরকার গঠনের দিনেই চারজন সাংবাদিককে বাধ্যতামূলক ছুটিতে পাঠানো একটি অশুভ আলামত। যে কারণ দেখিয়ে ছুটি দেওয়া হয়েছে তা অস্পষ্ট ও উদ্দেশ্যপ্রণোদিত। কোনো ধরনের ব্যাখ্যা না চাওয়া, আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে কাউকে চাকরিচ্যুত করা অমানবিক ও স্বেচ্ছাচারী আচরণ। বিবৃতিতে বলা হয়, আমরা উভয় ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। অবিলম্বে সাংবাদিক মাহমুদ রাকিব, আজহারুল ইসলাম, মুজাহিদ শুভ ও বেলায়েত হোসাইনের বাধ্যতামূলক ছুটি প্রত্যাহার করে চাকরিতে পুনর্বহালের জোর দাবি জানাচ্ছি।

এই সরকারের ওপর বিগত

প্রকল্পে ব্যয় হয়নি। ফলে বর্তমান সরকারের ওপর বিশাল ঋণের বোঝা রয়ে গেছে। শুক্রবার (২০ ফেব্রুয়ারি) সকালে চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্ব নেওয়ার পর এটি ছিল তাঁর প্রথম চট্টগ্রাম সফর। আমির খসরু বলেন, 'কোনো পৃষ্ঠপোষকতার রাজনীতি আর চলবে না। বাজেট হবে জনবান্ধব। বিগত আমলে ঋণ নেওয়া হয়েছে, কিন্তু তা কোনো ভালো প্রজেক্টে ব্যয় হয়নি। ফলে এই সরকারের ওপর বিশাল ঋণের বোঝা রয়েছে।' শেয়ারবাজার প্রসঙ্গে মন্ত্রী বলেন, 'শেয়ারবাজার নিয়ে সরকারের পরিকল্পনা রয়েছে। তা বাস্তবায়ন হলে দেশি-বিদেশি বিনিয়োগ বাড়বে, আস্থা ফিরে আসবে।' চট্টগ্রামকে বাণিজ্যিক রাজধানী হিসেবে গড়ে তোলার প্রসঙ্গে আমির খসরু বলেন, এখন বাণিজ্যিক রাজধানীর কাজ শুরু হবে। বিনিয়োগ বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি এবং চট্টগ্রাম বন্দরের কার্যক্রম আরও উন্নত করা এসব লক্ষ্য নিয়েই সরকার এগোবে। 'বিনিয়োগের মাধ্যমেই তো বাণিজ্যিক রাজধানী হবে,' মন্তব্য করেন তিনি। কর্মসংস্থান নিয়ে এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী বলেন, দেশের সবচেয়ে বড় সমস্যা কর্মসংস্থান। উৎপাদন ও বিনিয়োগ বাড়ানোর মাধ্যমেই এই সংকট মোকাবিলা সম্ভব। দায়িত্ব নেওয়ার পর প্রথম চট্টগ্রাম সফরের অনুভূতি জানতে চাইলে তিনি বলেন, 'ভালো লাগছে। আমরা গণতান্ত্রিক পরিবেশে ফিরে এসেছি। নির্বাচিত সংসদ ও সরকার আছে। দেশের মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণে সবাইকে একসাথে কাজ করতে হবে। চট্টগ্রামের উন্নয়নে সমন্বিত উদ্যোগ নিতে হবে।' এর আগে বেলা সাড়ে ১১টার দিকে তিনি চট্টগ্রাম পৌঁছে পাহাড়তলী থানার উত্তর কাট্টলীর নাজির বাড়ির পারিবারিক কবরস্থানে মা-বাবার কবর জিয়ারত করেন। পরে নগরের মেহেদীবাগে নিজ বাসভবনে দলীয় নেতা-কর্মীদের সঙ্গে সাক্ষাৎ ও কুশল বিনিময় করেন।

এলডিসি উত্তরণ: তিন বছর

জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসির (সিডিপি) কাছে চিঠি পাঠানো হয়েছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) সূত্র জানায়, ১৮ ফেব্রুয়ারি ইআরডি সচিব মো. শাহরিয়ার কাদের ছিদ্দিকীর সই করা চিঠিটি সিডিপির কাছে পাঠানো হয়। আগামী ২৪ থেকে ২৮ ফেব্রুয়ারি সিডিপির বৈঠকে বাংলাদেশের এ অনুরোধসহ সংশ্লিষ্ট বিষয়গুলো পর্যালোচনা করা হবে। চিঠিতে বলা হয়েছে, কোভিড-পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলায় প্রাপ্ত প্রস্তুতিমূলক সময়কালটি কার্যকরভাবে ব্যবহার করার পরিকল্পনা থাকলেও পরপর একাধিক বৈশ্বিক ধাক্কায় সেই লক্ষ্য পূরণ ব্যাহত হয়েছে। কোভিড ১৯ প্যানডেমিকের প্রভাব কাটিয়ে ওঠার আগেই রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে জ্বালানি ও খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি, বিশ্বব্যাপী কড়াকড়ি মুদ্রানীতি, সরবরাহ শৃঙ্খলে (সাপ্লাই চেইন) বিঘ্ন এবং বৈশ্বিক বাণিজ্যে অনিশ্চয়তা দেশের অর্থনীতিতে চাপ সৃষ্টি করে। এছাড়া অভ্যন্তরীণ অর্থনীতিতেও বিনিয়োগ হ্রাস, রাজস্ব প্রবৃদ্ধির নিম্নগতি এবং জিডিপি প্রবৃদ্ধি কমে যাওয়ায় কাঠামোগত সংস্কারের গতি প্রত্যাশিত মাত্রায় পৌঁছায়নি বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। ফলে এলডিসি উত্তরণ-পরবর্তী বাস্তবতার সঙ্গে খাপ খাওয়াতে প্রয়োজনীয় অবকাঠামোগত ও নীতিগত সমন্বয় সম্পূর্ণভাবে কার্যকর করা সম্ভব হয়নি। সরকারের পক্ষ থেকে আরও বলা হয়েছে, বর্তমান বৈশ্বিক বাণিজ্য পরিস্থিতিতে উচ্চমাত্রার অনিশ্চয়তা বিরাজ করছে। বিশেষ করে ইউরোপীয় বাজারে জিএসপি প্লাস সুবিধা পাওয়া নিয়ে অনিশ্চয়তা এবং প্রধান বাণিজ্য অংশীদারদের নীতিগত পরিবর্তন বাংলাদেশের প্রতিযোগিতা সক্ষমতার ওপর বাড়তি চাপ সৃষ্টি করতে পারে। এসব ঝুঁকি মোকাবিলায় অতিরিক্ত সময় প্রয়োজন বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। এই প্রেক্ষাপটে বাংলাদেশ তিন বছরের জন্য একটি 'ক্রাইসিস অ্যাসেসমেন্ট' পরিচালনা এবং সম্ভাব্য সময় বৃদ্ধি চেয়ে আনুষ্ঠানিক আবেদন জানিয়েছে। ইআরডি কর্মকর্তারা জানান, ফেব্রুয়ারির বৈঠকের পর প্রায় দুই সপ্তাহের মধ্যে প্রাথমিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত হতে পারে। এরপর সিডিপি তাদের পর্যবেক্ষণ ও সুপারিশ দেবে। চূড়ান্ত সুপারিশ যাবে জাতিসংঘের সাধারণ পরিষদে, যেখানে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। পুরো প্রক্রিয়া শেষ হতে সেপ্টেম্বর বা অক্টোবর পর্যন্ত সময় লাগতে পারে। সংশ্লিষ্ট সূত্র আরও জানায়, গত বছর জাতিসংঘ বাংলাদেশের অনুরোধে একটি মূল্যায়ন পরিচালনা করেছিল। সেখানে দেশের অর্থনৈতিক চ্যালেঞ্জগুলো তুলে ধরা হলেও নির্দিষ্ট কোনও সুপারিশ দেওয়া হয়নি। বরং এলডিসি উত্তরণ প্রক্রিয়াকে বাংলাদেশের জন্য 'চ্যালেঞ্জিং' হিসেবে আখ্যায়িত করা হয়। কর্মকর্তারা বলছেন, বর্তমানে প্রক্রিয়াটি আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে এবং চলমান মূল্যায়নের ফলাফলের ওপরই পরবর্তী সিদ্ধান্ত নির্ভর করবে।

গণতন্ত্রের অগ্রযাত্রাকে সুসংহত

মূল চেতনা। এ চেতনাকে ধারণ করে দীর্ঘ লড়াই-সংগ্রাম পার হয়ে দেশে আজ গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে। গণতন্ত্রের এই অগ্রযাত্রাকে সুসংহত করতে বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ। শনিবার মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৬ উপলক্ষে দেওয়া এক বাণীতে তিনি বলেন, 'মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আমাদের মাতৃভাষা বাংলাসহ বিশ্বের সব ভাষাভাষী মানুষ ও জাতিগোষ্ঠীকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আমি গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সব শহীদকে, যাঁদের আত্মত্যাগের বিনিময়ে আমরা প্রতিষ্ঠা করেছি মাতৃভাষা বাংলার মর্যাদা।' একুশে ফেব্রুয়ারি আমাদের জাতীয় জীবনের এক অবিস্মরণীয় অধ্যায় উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ১৯৫২ সালের এ দিনে মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষার লড়াইয়ে শহীদ হন আবুল বরকত, আবদুস সালাম, রফিকউদ্দিন আহমদ, আব্দুল জব্বারসহ আরো অনেকে। তাঁদের আত্মদানের মধ্য দিয়ে রচিত হয় শত বছরের শাসন ও শোষণে জর্জরিত তৎকালীন পূর্ব বাংলার মুক্তির প্রথম সোপান। মাতৃভাষার মর্যাদা রক্ষার এই আন্দোলন শুধু ভাষার অধিকার প্রতিষ্ঠাই করেনি, বরং বাঙালির স্বাধিকার, গণতন্ত্র ও সাংস্কৃতিক চেতনার ভিত্তিকে করেছে আরো মজবুত ও সুদৃঢ়। একুশের এই রক্তাক্ত পথ ধরেই মহান মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে আমরা অর্জন করেছি বাংলাদেশের স্বাধীনতা। তিনি বলেন, বাংলা ভাষা আমাদের আত্মপরিচয়ের প্রধান বাহন। মাতৃভাষার জন্য আমাদের ত্যাগ ও ভালোবাসার স্বীকৃতিস্বরূপ ইউনেসকো ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি প্রদান করেছে। একুশের চেতনা আজ বিশ্বজুড়ে সব ভাষার মর্যাদা রক্ষা ও সুরক্ষার আন্দোলনে রূপ নিয়েছে। তারেক রহমান বলেন, 'আমরা ভাষা শহীদ এবং ৭১ সালে স্বাধীনতা অর্জন ও ২০২৪-এর স্বাধীনতা রক্ষার যুদ্ধসহ এ যাবতকালে দেশে গণতান্ত্রিক আন্দোলনের সব শহীদের আকাঙ্ক্ষাকে ধারণ করে একটি স্বনির্ভর, নিরাপদ, মানবিক গণতান্ত্রিক রাষ্ট্র গড়তে চাই।' আজকের এই দিনে বিশ্বজুড়ে সব জাতিগোষ্ঠীর ভাষাসমূহের মর্যাদা সমুন্নত রাখতে কাজ করার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, 'আসুন, আমরা দেশে বিদ্যমান ভাষাবৈচিত্র্যকে সংরক্ষণ করি, নিজস্ব সংস্কৃতি ও ঐতিহ্য সংরক্ষণের পাশাপাশি সর্বস্তরে বাংলা ভাষার সঠিক ব্যবহার ও চর্চা নিশ্চিত করি।' সব ভাষা শহীদের মাগফিরাত কামনা করে প্রধানমন্ত্রী মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গৃহীত সব কর্মসূচির সফলতা কামনা করেন।

সমঝোতার চাঁদা: একই যুক্তি

খাত নয়, রাষ্ট্রীয় সেবা ও উন্নয়ন ব্যবস্থার বিভিন্ন ক্ষেত্রেও দুর্নীতিকে ন্যায্যতা দেওয়ার প্রবণতা শক্তিশালী হতে পারে। বিবৃতিতে টিআইবি জানায়, নবগঠিত সরকার দায়িত্ব গ্রহণের পর দুর্নীতির বিরুদ্ধে 'জিরো টলারেন্স' নীতির ঘোষণা দিয়েছে। কিন্তু সেই ঘোষণার অল্প সময়ের মধ্যেই পরিবহন খাতে বহুল আলোচিত চাঁদাবাজিকে 'সমঝোতা' হিসেবে ব্যাখ্যা করা সরকারের অবস্থানকে প্রশ্নবিদ্ধ করে। বিবৃতিতে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, পরিবহনমন্ত্রী চাঁদাবাজির যে সংজ্ঞা দাঁড় করিয়েছেন তা দুর্নীতিবিরোধী ঘোষিত অবস্থানের সম্পূর্ণ পরিপন্থী। তিনি বলেন, 'ক্ষমতাসীন দলের নির্বাচনী ইশতেহার ও সরকার প্রধানের জাতির উদ্দেশ্যে দেওয়া ভাষণে কার্যকরভাবে দুর্নীতি নিয়ন্ত্রণ ও প্রতিরোধের অঙ্গীকার করা হয়েছে। সেই অঙ্গীকারের মাত্র ৪৮ ঘণ্টা না যেতেই চাঁদাবাজির মতো একটি অনৈতিক ও যোগসাজশমূলক অপরাধকে ইতিবাচকভাবে উপস্থাপন অত্যন্ত হতাশাজনক।' ইফতেখারুজ্জামান আরও বলেন, সড়ক ও পরিবহন খাতে দীর্ঘদিনের চাঁদা সংস্কৃতিকে মালিক-শ্রমিক কল্যাণের যুক্তিতে বৈধতার আবরণ দেওয়ার চেষ্টা বিভ্রান্তিকর। এতে প্রকৃত সমস্যার সমাধান না হয়ে বরং বিদ্যমান বিশৃঙ্খলা ও নৈরাজ্যকে টিকিয়ে রাখার প্রবণতা শক্তিশালী হতে পারে। চাঁদাবাজির বোঝা শেষ পর্যন্ত সাধারণ যাত্রী ও পরিবহনসংশ্লিষ্ট পেশাজীবীদের ওপরই বর্তায় বলেও উল্লেখ করেন তিনি। ড. ইফতেখারুজ্জামান সতর্ক করে বলেন, সড়কে চাঁদাবাজিকে 'সমঝোতা' হিসেবে গ্রহণযোগ্যতা দেওয়া হলে একই যুক্তি অন্য খাতেও প্রয়োগের পথ খুলে যেতে পারে। বিআরটিএ, স্বাস্থ্য, শিক্ষা, সামাজিক সুরক্ষা, আইনশৃঙ্খলা, বিচার, পাসপোর্ট, ভূমি ও প্রশাসনসহ বিভিন্ন সেবা খাত এবং সরকারি ক্রয়, উন্নয়ন প্রকল্প, ব্যাংক ও বিদ্যুৎ খাতে দুর্নীতিকে ন্যায্যতা দেওয়ার প্রবণতা দেখা দিতে পারে। এতে রাষ্ট্রীয় সুশাসন ও জবাবদিহি কাঠামো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। বিবৃতিতে আরও বলা হয়, সরকার যদি সত্যিকার অর্থেই দুর্নীতি প্রতিরোধে আন্তরিক হয়, তবে অনতিবিলম্বে সর্বোচ্চ পর্যায় থেকে পরিবহনমন্ত্রী বক্তব্য প্রত্যাখ্যান এবং যথাযথ প্রক্রিয়ায় জবাবদিহি নিশ্চিত করা প্রয়োজন। একই সঙ্গে দলীয় শুদ্ধিকরণ ও সংস্কার কার্যক্রমে দৃশ্যমান অগ্রগতি নিশ্চিত করতে হবে। প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানিয়ে টিআইবি বলেছে, জনগণের প্রত্যাশা পূরণ এবং সরকারের ঘোষিত অঙ্গীকারের প্রতি আস্থা বজায় রাখতে দলীয় নেতা-কর্মীদের একাংশের আত্মঘাতী পথ রোধে কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি। অন্যথায় জনমনে হতাশা সৃষ্টি হতে পারে এবং তা গণতান্ত্রিক প্রক্রিয়ার জন্য অশনিসংকেত হয়ে দাঁড়াতে পারে। সড়কে চাঁদাবাজিকে 'সমঝোতা' হিসেবে গ্রহণযোগ্যতা দেওয়া হলে একই যুক্তি অন্য খাতেও প্রয়োগের পথ খুলে যেতে পারে। এটা সামনে এনে নিউজ তৈরি করে দাও

অধিকার আদায়ের চির প্রেরণা

স্বৈরাচার এবং শোষণ বঞ্চনা বিরোধী আন্দোলনের প্রতিটি পর্যায়ে বাঙালিকে শক্তি ও সাহস জুগিয়েছে একুশের চেতনা। বাঙালি জাতীয়তাবোধের চেতনা থেকে উৎসারিত সে আন্দোলন ক্রমে রূপ নেয় স্বাধীনতার আন্দোলনে। আর নয় মাসব্যাপী রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে স্বাধীনতার রক্তিম সূর্য ছিনিয়ে আনে। তাই একুশে ফেব্রুয়ারির যে চেতনা আমাদের পরাধীনতার শৃঙ্খল ভাঙতে সাহায্য করেছে, সেই দিনটিকে কেবল আনুষ্ঠানিক নয়, প্রজন্মান্তরে বুকে ধারণ করতে হবে। বাঙালি জাতির নিজস্ব ভূখণ্ড শুধু নয়, স্বাধীন বাংলাদেশ আজ শিক্ষা, সমাজ, সংস্কৃতি ও অর্থনীতির নানা শাখা-প্রশাখায় এগিয়ে চলেছে। আমরা বিশ্বাস করি, এই এগিয়ে চলা অব্যাহত থাকবে এবং বিশ্বসভায় একদিন বাঙালি জাতি গৌরবের আসনে অধিষ্ঠিত হবে। পৃথিবীতে মাতৃভাষার সম্মান রক্ষার জন্য আত্মাহুতি দেওয়ার ঘটনা বিরল। এ জন্য জাতি হিসেবে আমরা গর্বিত। কিন্তু দুঃখজনক হলেও সত্য, মাতৃভাষার চর্চা ও বিকাশের ক্ষেত্রে আমরা এখনো অনেক পিছিয়ে আছি, যা ভাষা আন্দোলনের চেতনার বিপরীত। তবে আদেশ-নির্দেশ দিয়ে সেটি করা সম্ভব বলে বিজ্ঞজনেরা মনে করেন না। এ জন্য ব্যক্তিগতভাবে প্রত্যেককে উপলব্ধি করতে হবে। ুপরিভাষা, অভিধানসহ সম্ভাব্য সব উপকরণ সহজলভ্য করার মাধ্যমে ভাষাচর্চার পরিবেশ তৈরি করতে হবে। অকারণে বিদেশি ভাষা ব্যবহারের অপচেষ্টাকে নিরুৎসাহিত করতে হবে। কিন্তু তার মানে এই নয় যে, মানুষ মাতৃভাষা ছাড়া অন্যকোনো ভাষা শিখবে না বা চর্চা করবে না। বিশ্বায়নের এই যুগে এমনটি চিন্তা করা যায় না। প্রয়োজন অনুযায়ী, অন্যান্য ভাষাও শিখতে হবে। তবে মাতৃভাষার সুরক্ষা, বিকাশ এবং এর অবাধ অনুশীলনকে অগ্রাধিকার দিতে হবে। তা না হলে জাতি হিসেবে ক্রমে আমরা চিছিয়ে পড়ব।

রাতে কিশোররা অযাচিত ঘোরাঘুরি

এই প্রমিজের সঙ্গে যারা থাকতে পারবেন না তারা দয়া করে এখান থেকে অন্যত্র বদলি হয়ে চলে যান। আর না হয় আমাকে বলবেন আমি ভালো জায়গা দেখে বদলি করে দেব। কিন্তু আমি এখানটাকে পবিত্র রাখবো। এসময় চাঁদপুরের জেলা প্রশাসক মো. নাজমুল ইসলাম সরকার, পুলিশ সুপার রবিউল হাসান, কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদুল হাসান রাসেল, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বোরহান উদ্দিনসহ প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বিএনপির ৩৫ টিকিটের

মধ্যেই এ-সংক্রান্ত প্রক্রিয়া সারতে চায়। ফলে সময় কম, চাপ বেশি। তাই মনোনয়নপ্রত্যাশীদের মধ্যে প্রতিযোগিতা চলছে, হিসাব কষা চলছে। কিন্তু শেষ কথা বলবে হাইকমান্ডই। এখন প্রশ্ন একটাই- কারা পাচ্ছেন সংসদে যাওয়ার টিকিট? প্রথম সারির নামগুলো- বিএনপির বরিশাল বিভাগীয় সাংগঠনিক সম্পাদক বিলকিস আকতার জাহান শিরিন, কেন্দ্রীয় নেত্রী শিরিন সুলতানা, মহিলা দলের সভাপতি আফরোজা আব্বাস, সাধারণ সম্পাদক সুলতানা আহমেদ, সিনিয়র যুগ্ম-সম্পাদক হেলেন জেরিন খান ও সহ-সভাপতি নাজমুন নাহার বেবী- তাদের নাম শোনা যাচ্ছে জোরালভাবে। সাবেক এমপিদের তালিকা- তাদের মধ্যে আছেন শাম্মী আক্তার, নিলোফার চৌধুরী মনি, আসিফা আশরাফী পাপিয়া, রাশেদা বেগম হীরা, রেহেনা আক্তার রানু, ইয়াসমিন আরা হক, জাহান পান্না ও বিলকিস ইসলাম। তরুণ মুখ, আইনজীবী ও সংগঠক- এক্ষেত্রে আলোচনায় আছেন মাহমুদা হাবিবা, নিপুণ রায় চৌধুরী, শাহানা আক্তার শানু, আরিফা সুলতানা রুমা, নাদিয়া পাঠান পাপন, সেলিনা সুলতানা নিশিতা, শওকত আরা ঊর্মি, নাসিমা আক্তার কেয়া, মনিরা আক্তার রিক্তা, আফরোজা খানম নাসরিন, বীথিকা বিনতে হুসেইন, রুকসানা খানম মিতু, আইসা সিদ্দিকা মানি, হেনা আলা উদ্দিন, ফরিদা ইয়াসমিন, সালমা আক্তার সোমা, শাহিনুর নার্গিস ও শাহিনুর বেগম সাগর। রাজনীতি ছাড়িয়ে অন্য অঙ্গন- শুধু দল ও অঙ্গ সংগঠন নয়, সাংস্কৃতিক অঙ্গন থেকেও নাম পাওয়া যাচ্ছে। এ তালিকায় আছেন কনক চাঁপা, বেবী নাজনীন, রিজিয়া পারভিন ও সাংবাদিক সাবরিনা আহমেদ শুভ্রা। আলোচনায় আরও যারা- রওশন আরা রত্না, রহিমা আক্তার হাসি, হাসনা জসিম উদ্দিন মওদুদ, অপর্না রায়, রাবেয়া আলম, জেবা আমিন খান, তানজিন চৌধুরী লিলি, সানজিদা ইসলাম (তুলি), ডা. সানসিলা জেবরিন প্রিয়াঙ্কা, সামিরা তানজিনা চৌধুরী, সৈয়দা আদিবা হোসেন, হাসিনা আহমদ, শাকিলা ফারজানা, ফাতেমা বাদশা, মনোয়ারা বেগম মনি, জেলী চৌধুরী, মেহেরুন নেছা নার্গিস, জান্নাতুল নাঈম রিকু, জেসমিনা খানম, নাজমা সাঈদ ও সুলতানা পারভীন। ত্যাগ বনাম তারুণ্য- বিএনপির নীতি নির্ধারণী পর্যায়ের এক সদস্য জানান, যোগ্যতা, ত্যাগ, সাংগঠনিক সক্রিয়তা ও আঞ্চলিক ভারসাম্য- সব মিলিয়েই চূড়ান্ত হবে তালিকা। তরুণ নেতৃত্বের মূল্যায়নের ইঙ্গিতও মিলছে। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন মনোনয়নপ্রত্যাশী জানান, বিগত ১৭ বছর যারা রাজপথে আন্দোলন, সংগ্রাম, জেল-জুলুম, নির্যাতনের শিকার হয়েছেন, তাদের সংরক্ষিত আসনে প্রাধান্য দিলে দল ও সরকারের ভাবমূর্তি শক্ত হবে। বিএনপির বরিশাল বিভাগীয় সাংগঠনিক সম্পাদক বিলকিস বলেন, ছাত্রদল থেকে রাজনীতি শুরু করে নানা প্রতিকূলতা পেরিয়েছেন। দল উপযুক্ত মনে করলে তিনি সিদ্ধান্ত মেনে নেবেন। চট্টগ্রামের জেসমিনা খানম বলেন, দীর্ঘ দমন-পীড়নের মধ্যেও দল ছাড়েননি। নারীদের মূল্যায়ন হলে সংগঠন আরও শক্ত হবে।

ছাত্রদল নেতা টিপু ও জাসাস'র

ঢাকার নবীনগর এলাকা থেকে গ্রেপ্তার করেন। পরে তাকে অমানবিক নির্যাতন করেন। ২০১৫ সালের ২১ ফেব্রুয়ারি রাত আড়াইটায় আগৈলঝাড়া উপজেলার বাইপাস ব্রিজের পশ্চিম পাশের রাস্তায় উপজেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক টিপু হাওলাদার ও উপজেলা জাসাসের সদস্য কবির হোসেনকে পুলিশ গুলি করে হত্যা করে। পরে বিষয়টি একযোগে ক্রসফায়ার নামে প্রচার করে আগৈলঝাড়া থানা পুলিশ। নিহত টিপু হাওলাদার ও কবির হোসেনের পরিবারের পক্ষ থেকে গতকাল শুক্রবার উপজেলা কেন্দ্রীয় জামে মসজিদে ইফতার ও দোয়া-মোনাজাতের আয়োজন করা হয়েছে। এছাড়া এই হত্যাকান্ডের বিচারের দাবীতে আজ ২১ফেব্রুয়ারী উপজেলা পরিষদ হলরুমে শোকসভা অনুষ্ঠিত হবে। এই শোকসভার মাধ্যমে সকল বিনা বিচারে ক্রসফায়ারের নামে হত্যাকান্ডের বিচারের দাবী করা হবে। শোকসভায় প্রধান অতিথির বক্তব্য রাখবেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন এমপি।

এইচএসসির ফরম

পরীক্ষার্থীরাই আবেদন ফরম পূরণ করতে পারবেন। কোনো শিক্ষার্থী রেজিস্ট্রেশন বহির্ভূত বিষয়ে পরীক্ষায় অংশ নিলে সংশ্লিষ্ট বিষয় বা বিষয়গুলোর পরীক্ষা কোনো ধরনের যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে। এ বছর এইচএসসি পরীক্ষার ফরম পূরণে তিন বিভাগেই ফি বাড়ানো হয়েছে। গত বছরের তুলনায় এবার ২১০ টাকা করে ফি বৃদ্ধি করা হয়েছে। নতুন নির্ধারিত ফি অনুযায়ী, বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের ফরম পূরণে মোট ২ হাজার ৯৯৫ টাকা দিতে হবে, যা গত বছর ছিল ২ হাজার ৭৮৫ টাকা। এ ক্ষেত্রে বোর্ড ফি ২ হাজার ১৪০ টাকা এবং কেন্দ্র ফি (ব্যবহারিকসহ) ৮৫৫ টাকা। মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীদের জন্য ফরম পূরণ ফি নির্ধারণ করা হয়েছে ২ হাজার ৪৩৫ টাকা, যা গত বছর ছিল ২ হাজার ২২৫ টাকা। এ ক্ষেত্রে বোর্ড ফি ১ হাজার ৯৪০ টাকা এবং কেন্দ্র ফি ৪৯৫ টাকা। তবে মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের কোনো শিক্ষার্থীর চতুর্থ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে নির্ধারিত ফির সঙ্গে অতিরিক্ত ১৪০ টাকা যোগ হবে। একইভাবে ঐচ্ছিক বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে প্রতি বিষয়ের জন্য অতিরিক্ত ১৪০ টাকা দিতে হবে। বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. খন্দোকার এহসানুল কবির জানিয়েছেন, কলেজগুলোতে নির্বাচনি পরীক্ষা শেষ করে আগামী ২৬ ফেব্রুয়ারির মধ্যে ফল প্রকাশের নির্দেশনা দেওয়া হয়েছে। এরপর ১ মার্চ থেকে ফরম পূরণ কার্যক্রম শুরু হবে। তবে এইচএসসি পরীক্ষার সময়সূচি এখনো নির্ধারণ করা হয়নি। শিগগিরই তা জানিয়ে দেওয়া হবে বলেও মন্তব্য করেন তিনি।

বরিশালসহ তিন বিভাগে

পারে। এ ছাড়া উপমহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বিহার ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এ ছাড়া শুক্রবার সকাল ৯টা থেকে আগামী ২৪ ঘণ্টায় সারাদেশে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশ থাকতে পারে। তবে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। এ সময়ে রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। শনিবার (২১ ফেব্রুয়ারি) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায়ও সারাদেশে আবহাওয়া শুষ্ক থাকতে পারে। আকাশ আংশিক মেঘলা থাকতে পারে। এ সময়ে রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। রোববার সকাল ৯টা থেকে সারাদেশে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে। এ দিন রাত ও দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সোমবার (২৩ ফেব্রুয়ারি) সকাল ৯টা থেকে খুলনা ও বরিশাল বিভাগের দুএক জায়গায় বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এ সময়ে রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সকাল ৯টা থেকে ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দুএক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। অন্যত্র আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এ সময়ে রাত ও দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। এছাড়া পরবর্তী পাঁচ দিনে রাতের তাপমাত্রা কমতে পারে বলেও পূর্বাভাসে জানানো হয়েছে।

স্কুল ছাত্রকে লাথি মেরে

মোশারফের ঘরে যায় আরিফ। তখন মোশারেফকে খাটে শোয়া দেখে আরিফ তাকে নামাজ পড়তে যাওয়ার জন্য উঠতে বলে। "কিন্তু মোশারফ উঠতে না চাইলে আরিফ তাকে একটি চড় দেয়। এ সময় মোশারফ রেগে আরিফের বুকের ওপর লাথি দেয়। এতে ঘটনাস্থলে আরিফের মৃত্যু হয়েছে। পরে মোশারফ তার লাশ বাড়ির পাশে খালে ফেলে দেয়।" তিনি বলেন, "শুক্রবার সকাল ৮টার দিকে আরিফের লাশ খালের পাড়ে পড়ে থাকতে দেখেন স্বজনরা। তারা আরিফকে হত্যার ঘটনায় মোশারফ জড়িত সন্দেহ করে জিজ্ঞাসাবাদ করে। তখন মোশারফ তাকে হত্যার কথা স্বীকার করে।" এ ঘটনায় মোশারফকে গ্রেপ্তার করা হয়েছে। আর আরিফের লাশ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হবে বলে এএসপি বান্না জানিয়েছেন। এ পুলিশ কর্মকর্তা বলেন, মোশারফের মাকে পুলিশে হেফাজতে নেওয়া হয়েছে। এখন পর্যন্ত মামলা হয়নি। মামলায় তাকে আসামি করা হলে তাকেও গ্রেপ্তার দেখানো হবে।

রমজানের শিক্ষা: রিজিকের

পানীয় স্পর্শ করি না, সেই একই হাত ও মুখ দিয়ে ইফতারের পর আমরা যেন কোনোভাবেই অবৈধ উপার্জনে লিপ্ত না হই। পবিত্র কুরআনে আল্লাহ তাআলা দ্ব্যর্থহীন কণ্ঠে নির্দেশ দিয়েছেন "হে মুমিনগণ! তোমরা একে অপরের সম্পদ অন্যায়ভাবে ভক্ষণ করো না" (সূরা আন-নিসা: ২৯)। রমজানের এই প্রারম্ভিক দিনগুলো আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয় যে, আমরা যদি স্রেফ আল্লাহর ভয়ে নির্দিষ্ট সময়ের জন্য হালাল খাবার ও পানীয় ত্যাগ করতে পারি, তবে তাঁরই সন্তুষ্টির জন্য কেন হারাম উপার্জনকে সারাজীবনের জন্য বর্জন করতে পারব না? প্রকৃতপক্ষে, এই রমজান আমাদের আমানতদারি ও সততার এক নতুন পাঠ দেয়। নির্জন ঘরে প্রচণ্ড তৃষ্ণার্ত থাকা অবস্থায়ও আমরা এক ফোঁটা পানি পান করি না কারণ আমাদের হৃদয়ে এই বিশ্বাস বদ্ধমূল যে 'আল্লাহ দেখছেন'। ইসলামের পরিভাষায় একেই বলা হয় 'এহসান'। নবী করীম (সা.) এহসানের পরিচয় দিতে গিয়ে বলেছেনড় "এহসান হলো এমনভাবে ইবাদত করা যেন তুমি আল্লাহকে দেখছো; আর যদি তাকে দেখতে না পাও, তবে নিশ্চিত থেকো যে তিনি তোমাকে দেখছেন" (সহীহ মুসলিম: ৮)। আল্লাহর উপস্থিতির এই গভীর অনুভূতি বা এহসান কেবল জায়নামাজে সীমাবদ্ধ না রেখে আমাদের ব্যবসা-বাণিজ্য, অফিস এবং ব্যক্তিগত জীবনের প্রতিটি ধাপে মিশিয়ে দিতে হবে। রমজানের তৃতীয় সূর্যের আলো আমাদের হৃদয়ে সেই শুদ্ধিই ছড়িয়ে দিক, যেন আমরা কেবল অভুক্ত না থেকে বরং প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গ ও কর্মের মাধ্যমে সিয়াম পালন করতে পারি। উপার্জনে সততা আর আচরণে নম্রতা বজায় রেখে একটি পরিশুদ্ধ ও সুন্দর জীবনের পথে অগ্রসর হওয়াই হোক আমাদের এই রমজানের মূল অঙ্গীকার।

বাউফলে এমপির নেতৃত্বে

ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ এমপি বলেন, তিনি শুধু জনপ্রতিনিধি নয়, তিনি জনগণের সেবক। জনগণের সেবক হয়ে বাউফলকে একটি আধুনিক ও আদর্শ উপজেলা হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যত্যয় করে তিনি বলেন, 'ক্লিন বাউফল-গ্রিন বাউফল' তার নির্বাচনী ইশতেহারের একটি অংশ। পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ এবং সুস্থ থাকার পূর্বশর্ত উল্লেখ করে তিনি বলেন, পুরো উপজেলাকে ক্লিন এবং গ্রিন উপজেলা হিসেবে গড়ে তোলা হবে। নিরাপদ ও বাসযোগ্য বাউফল গড়ে তুলতে যা যা করণীয় তাই করা হবে।

নির্বাচন পরবর্তী সহিংসতা

এর বরিশাল জেলা কোঅর্ডিনেটর মো. হাদিউজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফারহানা আক্তার, রাংতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মিজানুর রহমান, উপজেলা এনজিও সমন্বয় পরিষদের সভাপতি কাজল দাস গুপ্ত, আগৈলঝাড়া প্রেসক্লাব সভাপতি মো. শামীমুল ইসলাম শামীম, সাবেক সভাপতি মো. সাইফুল ইসলাম, উপজেলা দি হাঙ্গার প্রজেক্ট এর সমন্বয়কারী সাইফুল ইসলাম লিটন, পিএফজির পিস অ্যাম্বাসেডর সুমা কর, সুজনের সদস্য ফারুক আকন, শিক্ষক আবুল কালাম আজাদ ও যুবদল নেতা তারেক ফকিরসহ প্রমুখ।

ভাঙনের কবলে বরগুনার শুভ সন্ধ্যা

এখন বিলিন হওয়ার পথে। এছাড়াও ঢেউয়ের আঘাতে উপরে পড়ে বিলিন হয়েছে সৈকত সংলগ্ন সংরক্ষিত বনের প্রায় ৬০ হাজার ঝাউগাছ। আর এ কারণেই দিনদিন এ সৈকতের নৈসর্গিক সৌন্দর্য কমতে থাকায় আকর্ষণ হারাচ্ছে পর্যটকরা। সরেজমিনে তালতলীর শুভসন্ধ্যা সমুদ্র সৈকতে ঘুরে দেখা যায়, প্রতিনিয়ত সাগরের ঢেউয়ের আঘাতে উপরে পড়ে আছে সৈকত সংলগ্ন সংরক্ষিত বনাঞ্চলের শতশত ঝাউগাছ। এমনকি সৈকতে নামার জন্য নির্মিত পাকা রাস্তাটিও ভেঙে পড়ে আছে। এছাড়াও সৈকতে আসা পর্যটকদের জন্য রাত্রিযাপনের জন্য নেই তেমন কোনো ব্যবস্থা। বে, সরকারিভাবে দুই কক্ষবিশিষ্ট সাম্পান নামে একটি ডাকবাংলো নির্মাণ করা হলেও সেখানে নেই কোনো খাবারের ব্যবস্থা। ফলে একদিকে যেমন ভাঙনের কবলে পড়ে সৈকতের সৌন্দর্য হারাচ্ছে, অপরদিকে নানা অব্যবস্থাপনার কারণে বিব্রত পরিস্থিতিতে পড়ছেন দূর দূরান্ত থেকে আসা পর্যটকরা। তবে ভাঙনরোধে কার্যকর ভূমিকা নিলে সৈকত এবং সংলগ্ন বনাঞ্চলটি রক্ষার পাশাপাশি পর্যটকদের উপস্থিতি বাড়বে বলে দাবি স্থানীয় বাসিন্দা এবং ঘুরতে আসা বিভিন্ন পর্যটকদের। পরিবারের সঙ্গে শুভসন্ধ্যা সমুদ্র সৈকতে ঘুরতে এসে নাজনীন আক্তার নামে এক নারী পর্যটক বলেন, আমরা মূলত সামাজিক যোগাযোগমাধ্যমে ব্লগ দেখে এবং বিভিন্ন মানুষের কাছে শুনে এখানে ঘুরতে এসেছি। তবে এসে দেখলাম, এখানকার পারিপার্শ্বিক সব অবস্থাই খারাপ। ভবিষ্যতেও যদি এমন অবস্থা থাকে, তাহলে আর কোনো পর্যটকই এখানে আসবে না। আমরাই তো মানুষকে নিরুৎসাহিত করব, যাতে কেউ শুভসন্ধ্যা সমুদ্র সৈকতে আর না আসেন। রুপালী ব্যাংক বরগুনা শাখায় কর্মরত মো. মাসুম পরিবার নিয়ে শুভসন্ধ্যা সমুদ্র সৈকতে ঘুরতে এসে বলেন, এখানে এসে দেখেছি, বনের একটি বিশাল অংশ সাগরে বিলিন হয়ে গেছে, যার ধ্বংসাবশেষ পড়ে আছে। সৈকতে নামার জন্য যে রাস্তাটি করা হয়েছে, তাও ভেঙে গেছে। এছাড়াও পর্যটকরা এসে কোথাও একটু বসে বিশ্রাম নেয়ার জন্যও তেমন কোনো ব্যবস্থা নেই। সৈকতের যে ভাঙন শুরু হয়েছে, তা প্রতিরোধ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে সরকারের পাশাপাশি বেসরকারি কোনো প্রতিষ্ঠানও যদি এগিয়ে আসে, তাহলে শুভসন্ধ্যা সমুদ্র সৈকত এবং এর সঙ্গে থাকা বনের গাছও রক্ষা করা সম্ভব হবে। ফাতিমা আক্তার নামে আরেক পর্যটক বলেন, আমি ২০১৯ সালে প্রথমবার এই সমুদ্র সৈকতে এসেছিলাম। তবে এবার এসে দেখলাম, ওই সময়ের থেকে এখন সমুদ্র সৈকতটি অনেকটাই ছোট হয়ে গেছে। এছাড়াও আগের যে প্রাকৃতিক সৌন্দর্য ছিল, তাও এখন নেই। বিগত সময়ে সৈকতের পাশে যে বনের গাছপালা ছিল এবং ভালো রাস্তাঘাট ছিল, তা দিনদিন এখন বিলুপ্তির পথে। এরকম চলতে থাকলে এখানে পর্যটকদের আসা কমে যাবে। আমি মনে করি, শুভসন্ধ্যা সমুদ্র সৈকতটি রক্ষায় সরকারের সংশ্লিষ্ট যারা রয়েছেন তারা দ্রুত পদক্ষেপ গ্রহণ করবেন। ঘুরতে আসা আরেক পর্যটক মো. আব্দুল লতিফ বলেন, আমরা বিগত সময়ে আরও দুইবার শুভসন্ধ্যা সমুদ্র সৈকতে এসেছি। তখন এ সৈকতটি আরও বড় ছিল। বর্তমানে ভাঙনের কবলে পরে সৈকতটির সৌন্দর্য হারিয়ে যাচ্ছে। একসময় প্রচুর পর্যটক আসলেও এখন আর তেমন কেউ আসেন না। শুভসন্ধ্যা সমুদ্র সৈকতের ভাঙনরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আশ্বাস দিয়ে বরগুনা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. আব্দুল হান্নান প্রধান বলেন, শুভসন্ধ্যা সমুদ্র সৈকত সংলগ্ন ঝাউবন ভাঙন কবলিত হয়েছে এবং বিষয়টি আমাদের নজরে এসেছে। বিষয়টি নিয়ে স্থানীয়রা মানববন্ধনও করেছেন। উপজেলা নির্বাহী অফিসারও আমাদেরকে চিঠির মাধ্যমে অবহিত করেছেন। এছাড়াও বিষয়টি নিয়ে জেলা সমন্বয় সভায় আলোচনা হয়েছে। সমুদ্রের ঢেউয়ের আঘাত থেকে ভাঙন এড়াতে আমরা জিও টিউব দিয়ে ব্যবস্থা গ্রহণের জন্য একটি বাজেট চাহিদা তৈরি করে আমাদের ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে পাঠিয়েছি। অনুমোদন পেলেই আশা করি, ভাঙনরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা যাবে।

খানাখন্দে বেহাল দশা বরগুনার

জনভোগান্তিই বাড়ছে না, ব্যাহত হচ্ছে জেলার অর্থনীতি। ভাঙা রাস্তার এমন দুর্দশায় ক্ষুব্ধ সাধারণ মানুষ। সাধারণ মানুষেরা জানান, হাসপাতেলে নেয়ার সময় প্রায় ঝুঁকিতে পরতে হয়। আর সরকারের উচিত রাস্তাটি দ্রুত সংস্কার করা। প্রয়োজনীয় বরাদ্দের অভাবে থমকে আছে সড়ক সংস্কারের কাজ। রাস্তাঘাটের এ করুণ দশায় সবচেয়ে বেশি ভোগান্তিতে গাড়ি চালকরা। এ রাস্তা দিয়ে গাড়ি চলাচল করতে গিয়ে প্রায় সময় দুর্ঘটনার শিকার হতে হয় বলে জানান গাড়ীচালকরা। এদিকে, জেলার অংধিকাংশ সড়ক মেরামতের জন্য টেন্ডার প্রক্রিয়া এরই মধ্যে শুরু হয়েছে। দ্রুত মাঠ পর্যায়ে কাজ শুরুর আশ্বাস জনপ্রতিনিধিদের। বরগুনা এলজিইডি নির্বাহী প্রকৌশলী মো. মেহেদী হাসান খান বলেন, 'অধিকাংশ রাস্তা সংস্কার প্রক্রিয়াধীন আছে। আর টেন্ডার প্রক্রিয়া শেষে কার্যক্রম শুরু হলে, বরগুনার চিত্র পাল্টে যাবে। তখন আশাকরি আর ভোগান্তি হবে না।' বরগুনার ছয়টি উপজেলায় এলজিইডির আওতায় রয়েছে মোট ৭ হাজার ৫৬১ কিলোমিটার সড়ক। এর মধ্যে কার্পেটিং সড়ক ১ হাজার ৪৪১ কিলোমিটার এবং বাকি ৬ হাজার ১২০ কিলোমিটার কাঁচা সড়ক।

লেবুর রাজ্যে লেবুর

উৎপাদন কিছুটা কম হয়। রমজানের শুরুতেই ঝালকাঠির বিভিন্ন হাট-বাজারে অস্বাভাবিকভাবে লেবুর মূল্য বৃদ্ধি দেখা গেছে। মাত্র এক সপ্তাহের ব্যবধানে চায়না, কাগজি, দেশি এবং এলাচি লেবুর দাম বেড়ে দ্বিগুণ হয়েছে। সাধারণ ক্রেতাদের অভিযোগ রোজাদারদের ইফতারে লেবুর শরবতের চাহিদা কে পুঁজি করে সিন্ডিকেট করে দাম বাড়ানো হচ্ছে। কয়েকদিন আগেও লেবুর হালি ৪০/৫০ টাকায় বিক্রি করতো। বর্তমানে তা ৮০ থেকে ১২০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। লেবুর দাম কতো জানতে চাইলে দোকানি বলে একপিচ ২৫ টাকা। শুক্রবার জেলার কয়েকটি হাট ও বাজারের লেবুর আড়ৎ এবং দোকান ঘুড়ে এমন চিত্র দেখা গেছে। লেবু চাষি এবং বিক্রেতাদের সঙ্গে কথা বলে জানা গেছে, লেবুর দাম বেড়েছে সরবরাহের ঘাটতির কারণে। হঠাৎ করেই চাহিদা বাড়ায় মূল্য বেড়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। লেবু বাগান মালিকরা জানান, এবছর বৃষ্টিপাত না হওয়ায় লেবুর ফলন কম হয়েছে। পর্যাপ্ত পরিমাণে পানির অভাবে লেবুর ফুল ঝড়ে গেছে। লেবু চাষি জীবন মন্ডল জানান, তিনি একশত লেবু বিক্রি করেছেন ১ হাজার ৪৮০ টাকা। তাতে প্রতি পিচের দাম পড়েছে ১৪ টাকা ৮০ পয়সা। সপ্তাহ খানেক আগে একই লেবু বিক্রি করেছেন ১ হাজার টাকা। ক্রেতাদের অভিযোগ বছরের অন্যান্য সময়ে লেবুর তেমন চাহিদা না থাকলেও রমজান মাস ইফতারের জন্য লেবুর শরবতের ব্যাপক চাহিদা থাকে। এই সুযোগ কাজে লাগিয়ে অসাধু ব্যবসায়ীরা পরিকল্পিত ভাবে দাম বাড়াচ্ছে।

দোকানে হামলা-ভাঙচুর :

হামলাকারীরা। এমন অভিযোগে মহিপুর থানায় তিনজনকে আসামি করে মামলা করেন ভুক্তভোগী দোকানমালিক মনির হাওলাদার। এছাড়া হামলা-ভাঙচুরের সিসিটিভির ভিডিও গণমাধ্যমে প্রকাশিত হলে দেশজুড়ে আলোড়ন সৃষ্টি হয়। পরে অভিযান চালিয়ে প্রধান অভিযুক্ত মাকসুদকে গ্রেপ্তার করা হয়। তবে হামলাকারীদের দাবি, ওই দোকানঘরের মালিকানা নিয়ে বিরোধের জেরে এ ঘটনা ঘটেছে। এটি কোনো চাঁদাবাজি কিংবা ঘর দখলের ঘটনা নয়। গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন মহিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মহব্বত খান। তিনি জানান, লিখিত অভিযোগের ভিত্তিতে মাকসুদকে গ্রেপ্তার করা হয়েছে। তাকে আদালতে প্রেরণ করা হবে।

যাদের উপরে আল্লাহর রহমত বিদ্যমান তাদের

বাসনা থেকে নিজেকে মুক্ত রাখার প্রশিক্ষণের সুবর্ণ সুযোগ হচ্ছে এই সিয়াম সাধনা। আল্লাহ রাব্বুল আলামীনের নৈকট্য লাভে আমাদেরকে বেশি বেশি নেক আমলে মননিবেশ করতে হবে। মনে রাখতে হবে, মানুষ যখন শেষ বিচারের দিন হাশরের ময়দানে আল্লাহর সম্মুখে উপস্থিত হবে, তখন তার আমলগুলো তার সাথে হাজির করা হবে। যেদিন সন্তান-সন্তুতি, কোনও সম্পদ, পার্থিব বিষয় কাজে আসবে না। শুধুমাত্র পবিত্র হৃদয় যা আল্লাহ রাব্বুল আলামীনের ভয়ে দুনিয়ায় প্রকম্পিত হয়েছিল সেই হৃদয়গুলো কাজে আসবে। আমরা রাসূলুল্লাহ (সাঃ) এর সাথে আমাদের হাশর হোক এ দোয়া করি। ২০ ফেব্রুয়ারি শুক্রবার বাদ জুময়া বরগুনা জেলার আমতলী উপজেলাধীন আমড়াগাছিয়া খানকায়ে ছালেহিয়া কমপ্লেক্সে ছারছীনা শরীফের কুতুবুল আলম আল্লামা শাহ্‌সূফী নেছারুদ্দীন আহমদ (রহঃ) এর ৭৪তম, মুজাদ্দেদে যামান শাহ্‌সূফী হযরত মাওলানা আবু জাফর মোহাম্মদ ছালেহ (রহঃ) এর ৩৬তম ও বাহরে শরীয়ত শাহ্‌সূফী হযরত মাওলানা মোহাম্মদ মোহেব্বুল্লাহ (রহঃ) এর ২য় তম ইন্তেকাল বার্ষিকী উপলক্ষে তিনদিনব্যাপী ঈছালে ছওয়াব ওয়াজ মাহফিলের শেষদিন আখেরী মুনাজাতেরপূর্বে হযরত পীর ছাহেব কেবলা একথা বলেন। তিনদিনব্যাপী মাহফিলে প্রত্যহ বাদ ফজর ও মাগরীব হযরত পীর ছাহেব কেবলা জিকিরের তা'লীম পরিচালনা করেন। এছাড়াও হযরত পীর ছাহেব কেবলার সফরসঙ্গী ও ছেলছেলার গুরুত্বপূর্ণ ওলামায়ে কেরামগণ বিষয়ভিত্তিক আলোচনা করেন। আখেরী মুনাজাতে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর সার্বিক কল্যাণ ও শান্তি কামনা করা হয়। এসময় নিজেদের গুনাহ মাফের জন্য মহান আল্লাহর দরবারে রোনাজারী করতে থাকেন। এসময় উপস্থিত লাখো মেহমানবৃন্দের আমীন আমীন ধ্বনীতে আকাশ বাতাস ভারাক্রান্ত হয়ে ওঠে।

পিরোজপুরকে 'ক্লিন সিটি' গড়ার

গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুর সুমন। প্রতি??মন্ত্রী তাঁর বক্তব্যে বলেন, "মাননীয় প্রধানমন্ত্রী আমাকে যে বড় দায়িত্ব দিয়েছেন, তা কাজে লাগিয়ে পিরোজপুরের অবহেলিত জনপদগুলোর উন্নয়নে আমি কাজ করতে চাই। আগামী ১৮০ দিনের মধ্যে দৃশ্যমান পরিবর্তনের লক্ষ্যে আমরা স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে পরিকল্পনা গ্রহণ করেছি।" তিনি আরও বলেন, রমজান মাসে বাজার সিন্ডিকেট এবং দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি কোনোভাবেই বরদাশত করা হবে না। আইনশৃঙ্খলা রক্ষা ও বাজার নিয়ন্ত্রণে তিনি প্রশাসনকে কঠোর হওয়ার নির্দেশ দেন। এছাড়াও তিনি বলেন ?"আপনারা যে ভালোবাসা আমাকে দেখিয়েছেন, তার প্রতিদান আমি পিরোজপুরের মানুষের সেবায় নিজেকে উৎসর্গ করে দিতে চাই।" ??পিরোজপুর জেলা প্রশাসক মোহাম্মদ আবু সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী। এছাড়াও উপস্থিত ছিলেন পিরোজপুর জেলা বিএনপির আহ্বায়ক নজরুল ইসলাম খান, সদস্য সচিব সাইদুল ইসলাম কিসমত,জেলা বিএনপির সাবেক আহ্বায়ক অধ্যক্ষ আলমগীর হোসেনসহ জেলা বিএনপি ও বিভিন্ন অঙ্গসংগঠনের স্থানীয় নেতৃবৃন্দ।

ছাত্রদল নেতা পুলিশকে বললেন, 'বিএনপির

ও ছাত্রদলের মধ্যে তুমুল বাগ্‌বিতণ্ডা হয়। পরিস্থিতি উত্তেজনাপূর্ণ হয়ে উঠলে পরে অতিরিক্ত পুলিশের সহায়তায় আসামিকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের জেরে উপজেলা ছাত্রঅধিকার পরিষদের দপ্তর সম্পাদক হাসান মাহামুদের ওপর হামলা চালান আসামির অনুসারী ব্যক্তিরা। একই সময়ে উপজেলা গণঅধিকারের সদস্যসচিব মিলন মিয়ার ব্যবসাপ্রতিষ্ঠানেও ভাঙচুরের ঘটনা ঘটে। আহত হাসান মাহমুদ বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। এ বিষয়ে জানতে উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আবুল বশারের মুঠোফোনে একাধিকবার কল দেওয়া হলেও তিনি ফোন ধরেননি। দশমিনা থানার উপপরিদর্শক (এসআই) মনিরুল ইসলাম বলেন, 'বিগত সময়ের একটি মামলায় গত বছরের ২৮ সেপ্টেম্বর আদালত ছাত্রদল নেতা রাকিবুল ইসলামের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। রাতে তাঁকে গ্রেপ্তার করতে গেলে উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আবুল বশার ও তাঁর অনুসারীরা বাধা দিয়ে আসামিকে ছাড়িয়ে নেওয়ার চেষ্টা করেন। উত্তেজনাপূর্ণ পরিস্থিতি সৃষ্টি হলে আমি আমার ঊর্ধ্বতন কর্মকর্তাকে জানাই। পরে থানা থেকে অতিরিক্ত পুলিশ পাঠানোর পর আসামিকে গ্রেপ্তার করে থানায় নিয়ে আসি।'

ঢাকার সঙ্গে আরও 'জোরদার' সম্পর্ক

বিএনপির বিজয়ের পরপরই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন। "লোকসভার স্পিকার ওম বিড়লা ১৭ ফেব্রুয়ারি বাংলাদেশের নতুন সরকারের শপথ অনুষ্ঠানে যোগ দেন। তিনি নরেন্দ্র মোদীর একটি চিঠি তারেক রহমানের কাছে হস্তান্তর করেন।" জয়সওয়াল বলেন, "চিঠিতে একটি গণতান্ত্রিক, প্রগতিশীল ও অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশকে সমর্থন করার প্রতি ভারতের অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়েছে। "দুই দেশের উষ্ণ ও ঐতিহাসিক সম্পর্কের উপর দাঁড়িয়ে ভারত বাংলাদেশের সঙ্গে বহুমাত্রিক দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার করার প্রত্যাশা ব্যক্ত করেছে।" ব্রিফিংয়ে ভারত ও বাংলাদেশের মধ্যকার ভিসা কার্যক্রম নিয়েও কথা বলেন জয়সওয়াল। তিনি বলেন, এসব বিষয় নিয়ে পর্যায়ক্রমে বাংলাদেশ সরকারের সঙ্গে নয়াদিল্লির আলোচনা হবে। ২০২৪ সালের ৫ অগাস্ট আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকারের পতনের মধ্য দিয়ে ঢাকা ও নয়াদিল্লির কূটনৈতিক সম্পর্কে দূরত্ব তৈরি হয়। সবশেষ গত ডিসেম্বরে ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরীফ ওসমান হাদির মৃত্যু ঘিরে আরেক দফা অবনতি ঘটে দ্বিপক্ষীয় সম্পর্কে। সিঙ্গাপুরে চিকিৎসাধীন হাদির মৃত্যুর খবর আসার পর ১৮ ডিসেম্বর রাতে ঢাকায় দুটি পত্রিকা অফিস ও ছায়ানট ভবনে হামলা হয়। একই রাতে চট্টগ্রামে ভারতীয় সহকারী হাই কমিশন কার্যালয়ের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ দেখায় একদল মানুষ, সেসময় মিশনে ঢিলও ছোড়া হয়। এরপর চট্টগ্রামে ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রের (আইভ্যাক) কার্যক্রম ২১ ডিসেম্বর থেকে পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত স্থগিত করা হয়। পরের দিন দিল্লি ও আগরতলা মিশন থেকে ভিসা ও কনস্যুলার সেবা স্থগিত রাখার ঘোষণা দেয় বাংলাদেশ। এর মধ্যে নির্বাচনে বিএনপির নিরঙ্কুশ জয়ের মধ্যে দিয়ে দুই দেশের সম্পর্কের বরফ গলতে শুরু করে। ত্রয়োদশ সংসদ নির্বাচনের পূর্ণাঙ্গ ফল আসার আগে ১৩ ফেব্রুয়ারি সকালে তারেক রহমানকে এক বিবৃতিতে অভিনন্দন জানান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এরপর পূর্ণাঙ্গ ফল ঘোষণার পর বিকালে তারেকের সঙ্গে টেলিফোনে কথা বলেন তিনি। ওই ফোনালাপে তাকে অভিনন্দন জানানোর পাশাপাশি তার কাজে সমর্থনের দেওয়ার কথা বলেন। অন্যদিকে নতুন সরকারের শপথ অনুষ্ঠানে যোগ নরেন্দ্র মোদীকে আমন্ত্রণ জানায় ঢাকা। তবে 'এআই ইমপ্যাক্ট সামিটের' কারণে তিনি শপথ অনুষ্ঠাতে আসতে পারবেন না বলে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের তরফে জানানো হয়। তবে মোদীর পরিবর্তে শপথ অনুষ্ঠানে ভারতের প্রতিনিধিত্ব করেন স্পিকার বিড়লা। বিএনপি নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর গতি পায় দুই দেশের ভিসা কার্যক্রমও। শুক্রবার থেকে দিল্লিতে ভারতীয়দের ভিসা দেওয়া শুরু করেছে বাংলাদেশ হাই কমিশন। আগের দিন সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে সিলেটের ভারতীয় সহকারী হাই কমিশনার অনিরুদ্ধ দাস জানান, সব ধরনের ভারতীয় ভিসা প্রক্রিয়া শিগগিরই 'স্বাভাবিক পর্যায়ে' ফিরবে।

গাজায় সেনা পাঠাচ্ছে

জানিয়েছেন সদ্য গঠিত ইন্টারন্যাশনাল স্ট্যাবিলাইজেশন ফোর্সের (আইএসএফ) কমান্ডার। খবর আল জাজিরার। যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর জেনারেল জ্যাসপার জেফার্সকে ট্রাম্পের বোর্ড ভবিষ্যৎ গাজা স্থিতিশীলতা বাহিনীর (আইএসএফ) প্রধান হিসেবে নিয়োগ দিয়েছে। বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসিতে বোর্ডের বৈঠকে তিনি বলেন, এই মিশনে ইন্দোনেশিয়ার বাহিনী 'ডেপুটি কমান্ডারের পদ গ্রহণ করেছে।' জেফার্স বলেন, 'এই প্রথম পদক্ষেপগুলোর মাধ্যমে আমরা গাজার প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা করব।' বৈঠকে অংশ নেওয়া বিশ্বনেতাদের মধ্যে ছিলেন ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট প্রাবো সুবিয়ান্তো। তিনি বলেন, যুদ্ধবিধ্বস্ত ফিলিস্তিনি ভূখণ্ডে 'শান্তি কার্যকর করতে' তাঁর দেশ সর্বোচ্চ ৮ হাজার সদস্য পাঠাবে। সেখানে ইসরায়েলের গণহত্যায় অন্তত ৭২ হাজার মানুষ নিহত হয়েছে। কাজাখস্তানের প্রেসিডেন্ট কাসিম-জোমারত তোকায়েভ বলেন, তাঁর দেশও অনির্দিষ্ট সংখ্যক সেনা পাঠাবে। এর মধ্যে চিকিৎসা ইউনিটও থাকবে। মরক্কোর পররাষ্ট্রমন্ত্রী নাসের বুরিতা জানান, তার দেশ গাজায় পুলিশ সদস্য মোতায়েন করতে প্রস্তুত। আলবেনিয়াও সেনা পাঠাবে বলে জানিয়েছে। সম্প্রতি দেশটির প্রধানমন্ত্রী দুই দিনের সরকারি সফরে ইসরায়েল গিয়েছিলেন। প্রতিবেশী দেশ মিসর ও জর্ডান জানিয়েছে, তারা পুলিশ সদস্যদের প্রশিক্ষণের মাধ্যমে এই উদ্যোগে অংশ নেবে। এদিকে, ফিলিস্তিনিরা উদ্বেগ জানিয়েছেন যে ট্রাম্পের বোর্ড অব পিস গাজা উপত্যকায় ইসরায়েলের অবৈধ দখল আরও শক্ত করবে। ইসরায়েলি বাহিনী সেখানে নতুন নতুন 'বাফার জোন' তৈরি করছে। খাদ্য ও অন্যান্য ত্রাণ প্রবেশেও বাধা দিচ্ছে। হামাসের সঙ্গে তথাকথিত যুদ্ধবিরতির কয়েক মাস পরও ইসরায়েলি হামলায় প্রায় ৬০০ ফিলিস্তিনি নিহত হয়েছে। গাজা স্থিতিশীলতা বাহিনী জাতিসংঘ বা আফ্রিকান ইউনিয়নের মতো বহুপক্ষীয় সংস্থার মোতায়েন করা অন্যান্য শান্তিরক্ষী বাহিনী থেকে আলাদা। প্রতিবেশী লেবাননে ১৯৭৮ সালে গঠিত জাতিসংঘের ইউনাইটেড ন্যাশনস ইন্টেরিম ফোর্স ইন লেবানন (ইউএনআইএফআইএল)-এ এখনো ৪৭টি দেশের ১০ হাজারের বেশি শান্তিরক্ষী কাজ করছেন। ইন্দোনেশিয়া ও ইতালি ইউএনআইএফআইএল-এ সবচেয়ে বেশি সেনা সরবরাহকারী দেশগুলোর মধ্যে রয়েছে। ইসরায়েল ও হিজবুল্লাহর মধ্যে ভঙ্গুর যুদ্ধবিরতি থাকা সত্ত্বেও এই বাহিনী একাধিকবার ইসরায়েলি বাহিনীর হামলার মুখে পড়েছে।

লালমোহনে সেচ প্রকল্প দখলের

দখলের কারণে পানি সরবরাহ বন্ধ থাকায় কৃষকদের ধান ক্ষেত শুকিয়ে যাচ্ছে। এতে করে ধান আবাদে বিঘ্ন ঘটার শঙ্কায় রয়েছেন কৃষকরা। অভিযোগ করে সেচ প্রকল্পের মালিক মোঃ ইউসুফ জানান, আমি ২০০১ সাল থেকে এখানে সেচ প্রকল্পের মাধ্যমে স্থানীয় চাষিদের জমিতে ন্যায্যমূল্যে পানি দিয়ে আসছি। ২০১৯ সালে বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের (বিএডিসি) সেচ প্রকল্প থেকে আমাদের লাইসেন্স প্রদান করা হয়। তবে গত কয়েকদিন আগে হঠাৎ করেই স্থানীয় মোঃ নাগর মাতাব্বরের নেতৃত্বে তার ছেলেরা জোরপূর্বক সেচ প্রকল্পের পাম্পের ঘরের ভেতর থেকে আমাকে বের করে দিয়ে চাবি নিয়ে তারা দখল করে নেন। যার কারণে আমি ঘরটি খুলতে না পেরে পানি সেচ দিতে পারছি না। তিনি আরো জানান, ঘটনাটি আমি স্থানীয় অনেককেই জানিয়েছি। স্থানীয়ভাবে কোনো ফয়সালা না পেয়ে ন্যায় বিচার পেতে লালমোহন থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছি। দ্রুত যদি আমার সেচ প্রকল্পটি চালুর ব্যবস্থা করা না হয় তাহলে দুইশত কৃষকের অন্তত ৫০ একর জমির ধান রোপণে ব্যাঘাত ঘটবে। তাই আমি প্রশাসনের কাছে দ্রুত আমার সেচ প্রকল্পটি দখলদারদের কাছ থেকে উদ্ধার করে আমাকে বুঝিয়ে দেওয়ার অনুরোধ করছি। আব্দুস সাত্তার হাওলাদার, মোঃ এরশাদ ও মোঃ মোস্তফাসহ আরো কয়েকজন কৃষক বলেন, এতদিন ইউসুফের নেতৃত্বে এই সেচ প্রকল্প চলেছে। এই সেচ প্রকল্পের আওতায় ৫০ একরের বেশি জমি রয়েছে। হঠাৎ নির্বাচনের পরে নাগর মাতাব্বর এটি জোরপূর্বব দখল করেন। এখন আমরা জমিতে ঠিকমতো পানি পাচ্ছি না। এজন্য আমাদের ধানের চারা নষ্ট হয়ে যাচ্ছে। আমরা দ্রুত এই সমস্যার সমাধান চাই। তা না হলে আমাদের কয়েক লাখ টাকার ক্ষতি হবে। সেচ প্রকল্প দখলের ব্যাপারে মোঃ নাগর মাতাব্বর বলেন, ২০০১ সালে আমি ও ইউসুফের ভাই আইয়ুব আলী মিলে এই সেচপ্রকল্প শুরু করি। এরপর যৌথভাবে প্রকল্পটি আমরা পরিচালনা করি। তবে ক্ষমতার অপব্যবহার করে ইউসুফ সেচ প্রকল্পটি তার দখলে নিয়ে যায়। এখন আমাদের সময় এসেছে। তাই আমরা সেচ প্রকল্পটি দখল করেছি।' এ বিষয়ে লালমোহন থানার ওসি মোঃ অলিউল ইসলাম জানান, এ ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। তদন্তসাপেক্ষে প্রয়োজনীয় আইনি পদক্ষেপ গ্রহণ করা হবে।

দুই উপজেলার সংযোগ

করে। সেতুটি নির্মাণের কয়েক বছর পরই এতে ফাটল ধরে এবং ধীরে ধীরে ভাঙন দেখা দেয়। রক্ষণাবেক্ষণ আর সংস্কারের অভাবে ও নির্মাণ ত্রুটির কারণে অল্প সময়ের মধ্যেই সেতুটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। আর এই ঝুঁকিপূর্ণ সেতুটি দিয়ে পারাপার হতে গিয়ে ছোট বড় দুর্ঘটনা লেগেই আছে। সরেজমিনে দেখা যায়, প্রায় ১০০ ফুট দৈর্ঘ্য ও ১০ ফুট প্রস্থ নড়বড়ে সেতুর সিমেন্টের ঢালাই দেওয়া স্লিপারগুলো ভেঙ্গে খালে পড়ে গেছে। ক্রস অ্যাঙ্গেলগুলো মরিচা ধরে ভেঙে গিয়ে সেতুটি ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে অনেক আগেই। স্থানীয়রা চলাচলের জন্য সিমেন্টের ঢালাই দেওয়া স্লিপার না থাকায় লোহার অ্যাঙ্গেলগুলোর সঙ্গে বাঁশ ও গাছে বেধে সাঁকো তৈরি করে চলাচল করছে। সেতুর সিমেন্টর স্লিপার না থাকায় সেতুটির উপরের অংশ ফাঁকা হয়ে গেছে। সেতুর ক্রস অ্যাঙ্গেলগুলো মরিচা ধরে বিভিন্ন স্থান ভেঙে গেছে। মানুষ নিরুপায় হয়ে সেতুর উপরের সাঁকো দিয়ে জীবনের ঝুঁকি নিয়ে চলাচল করছে। নলছিটি উপজেলার রাজনগর হাফিজি মাদ্রাসা হাফেজ মাওলানা মনিরুল ইসলাম বলেন, সেতুর উপর নির্মিত গাছের সাঁকো দিয়ে মাদ্রাসার শিক্ষার্থীদের আসা-যাওয়া করতে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। সেতুটি সংস্কার বা নতুন করে নির্মাণের জন্য বারবার দাবি জানানো হলেও কোনো ব্যবস্থা নেইনি কর্তৃপক্ষ। স্থানীয় কৃষক মো. দেলোয়ার খান বলেন, আমাদের বাড়ি নলছিটি উপজেলায় হলেও আমাদের গ্রামের অনেকেরই কৃষি জমি রয়েছে সেতুটির অপরপ্রান্তে বাকেরগঞ্জের রঙ্গশ্রী ইউনিয়নে। আমরা প্রতি বছর সেখানে কৃষি জমি চাষাবাদ করি। আমাদের উৎপাদিত কৃষি পণ্য কাঁধে ও মাথায় করে সাঁকো দিয়ে পারাপার হতে হয়। কারণ এক যুগেরও বেশি সময় ধরে কোনো প্রকার যানবাহন চলে না। বাকেরগঞ্জের রঙ্গশ্রী ইউনিয়নের নন্দপাড়া গ্রামের সোহেল হাওলাদার বলেন, হাট-বাজার ও শিক্ষা প্রতিষ্ঠানে দুই উপজেলার মানুষ আসা-যাওয়া করে এই সেতু দিয়ে। এলাকার জনদুর্ভোগ কমাতে দ্রুত সেতুটি মেরামত বা পুনর্নির্মাণ দরকার। কর্তৃপক্ষের উদাসীনতা ও দীর্ঘসূত্রিতার কারণে সাধারণ মানুষের জীবন এখন ঝুঁকির মুখে। বাকেরগঞ্জ উপজেলার এলজিইডি নির্বাহী প্রকৌশলী মো. হাসনাইন আহমেদ জানান, ভাঙ্গা সেতুটির স্থান পরিদর্শন করে যেকোনো একটি প্রকল্পের মাধ্যমে নতুন সেতু নির্মাণ করা হবে।

রাজাপুর স্বাস্থ্য কমপ্লেক্সে

রয়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি ৫০ শয্যায় উন্নীত করা হলেও বাস্তবে সেবাদানের ক্ষেত্রে কোনো উন্নতি ঘটেনি। অপারেশন থিয়েটার স্থাপন করা হলেও নেই বিশেষজ্ঞ চিকিৎসক। ফলে উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে রোগী এসে চিকিৎসক না পেয়ে জেলা সদর হাসপাতালে চলে যাচ্ছেন। বিনা ব্যবহারে অপারেশন থিয়েটারের মূল্যবান যন্ত্রপাতি নষ্ট হচ্ছে। ভুক্তভোগীরা জানান, রাজাপুর স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় চিকিৎসক না থাকায় জরুরি বিভাগে হাসপাতালের পিয়ন, ওয়ার্ড বয়দের বিভিন্ন সময়ে চিকিৎসা করেন। এমনকি ব্যান্ডেজ, সেলাইসহ ছোটখাটো বিভিন্ন অস্ত্রোপচার তারাই করেন। স্বাস্থ্য কমপ্লেক্সের অফিস সূত্রে জানা গেছে, জুনিয়র কনসালটেন্ট ৯টি, সহকারী সার্জন ১০টি, দ্বিতীয় শ্রেণীর কর্মচারীদের মধ্যে ৭টি, তৃতীয় শ্রেণীর কর্মচারী ৮টি, এবং মেডিকেল টেকনোলজিস্টের পদটি প্রায় ১০ বছর শূন্য রয়েছে। ফলে রোগীদের স্থানীয় ক্লিনিক থেকে চড়া মূল্যে সেবা নিতে হচ্ছে। এ ছাড়াও মেডিকেল টেকনোলজিস্ট, ফার্মাসিস্ট, স্বাস্থ্য পরিদর্শক, কার্ডিওগ্রাফার, কম্পাউন্ডার, অফিস সহকারী, সহকারী নার্সসহ অন্যান্য ৪২টি পদ শূন্য রয়েছে। চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মধ্যে অফিস সহায়ক, ওয়ার্ড বয়, আয়া, কুক, পরিচ্ছন্নতাকর্মীসহ ১৭টি পদ শূন্য। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. আবুল খায়ের মাহমুদ রাসেল বলেন, ''বর্তমানে তিনজন ডাক্তার দিয়ে চলছে চিকিৎসা কার্যক্রম। সপ্তাহখানেকের মধ্যেই ৬-৭ জন ডাক্তার এই স্বাস্থ্য কমপ্লেক্সে যুক্ত হতে যাচ্ছেন। তাহলে ডাক্তার সংকট থাকবে না। তবে অন্যান্য সংকট লিখিত ও মৌখিকভাবে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হলেও প্রতিকার পাওয়া যাচ্ছে না।''

মেঘনা ও তেতুলিয়া নদীতে

বাইরে চলে যাচ্ছে। অনেকেই বাধ্য হয়ে ইলিশের পরিবর্তে অন্য মাছ কিনছেন। ইলিশের সংকটের প্রভাব পড়েছে অন্যান্য মাছের বাজারেও। সরবরাহ কম থাকায় দেশিয় প্রজাতির মাছের পাশাপাশি চাষের মাছও বিক্রি হচ্ছে চড়া দামে।

ইরানে 'লক্ষ্যভিত্তিক হামলায়' সমর্থন দিতে পারে সৌদি-আমিরাত

কীর্তনখোলা ডেস্ক

ইরানকে চাপে রাখতে লক্ষ্যভিত্তিক সামরিক হামলায় সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাতের কিছু কর্মকর্তা সমর্থন দিতে পারেন বলে জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম দ্য ওয়াশিংটন পোস্ট। তবে দীর্ঘমেয়াদি সংঘাত রক্তক্ষয়ী হবে এবং এতে আরও দেশ জড়িয়ে পড়ার ঝুঁকি রয়েছে বলেও সতর্ক করেছেন কূটনীতিকরা। ইরান নিয়ে চলমান আলোচনা সম্পর্কে অবগত এক ইউরোপীয় কূটনীতিক দ্য ওয়াশিংটন পোস্টকে জানান, শুরুতে অনেকে মনে করেছিলেন ট্রাম্প প্রশাসনের সামরিক চাপ মূলত তেহরানকে আলোচনায় বড় ধরনের ছাড় দিতে বাধ্য করার কৌশল। কিন্তু গত মঙ্গলবার জেনেভায় সর্বশেষ বৈঠক শেষ হওয়ার পর কূটনীতিকদের ধারণা বদলেছে। তাদের মতে, ইউরেনিয়াম সমৃদ্ধকরণের অধিকারসহ নিজেদের 'মূল অবস্থান' থেকে ইরান সরে আসতে প্রস্তুত নয়। ওই কূটনীতিকের ভাষায়, 'ইরানিরা প্রযুক্তিগত জটিলতায় আলোচনা ডুবিয়ে দিতে এবং মূল বিষয়গুলো বিলম্বিত করতে চাইছিল। প্রচলিত কূটনৈতিক পদ্ধতিতে সংলাপকে এগিয়ে নেওয়া হতো, কিন্তু ট্রাম্পের সেই ধৈর্য নেই।' মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক উপস্থিতি বাড়ানো শুরুতে অঞ্চলের কিছু কর্মকর্তাকে আশ্বস্ত করেছিল। তারা ভেবেছিলেন, এটি কেবল চাপ সৃষ্টির উপায়। তবে এখন যখন ইঙ্গিত মিলছে, ট্রাম্প প্রশাসন দীর্ঘমেয়াদি সংঘাতের প্রস্তুতি নিচ্ছে, তখন উদ্বেগ বাড়ছে। ইউরোপীয় ওই কূটনীতিক সৌদি-আমিরাতের দিকে ইঙ্গিত করে বলেন, 'কিছু পক্ষ হয়তো ইরানের ওপর চাপ বাড়াতে লক্ষ্যভিত্তিক হামলা সমর্থন করতে পারে। কিন্তু দীর্ঘমেয়াদি যুদ্ধ রক্তক্ষয়ী হবে এবং ইচ্ছা করে বা ভুল হিসাবের কারণে আরও দেশ এতে জড়িয়ে পড়তে পারে।' বিশ্লেষকদের মতে, সৌদি আরব ও আমিরাত ইরানের প্রভাব মোকাবিলায় কৌশলগত সুবিধা খুঁজতে পারে। তবে তারা সরাসরি বড় যুদ্ধ চায় না। কারণ উপসাগরীয় অঞ্চলে সামান্য উত্তেজনাও তেলের বাজার, সামুদ্রিক বাণিজ্য ও আঞ্চলিক স্থিতিশীলতায় বড় ধাক্কা দিতে পারে। কূটনীতিকদের আশঙ্কা, চাপ প্রয়োগের কৌশল যদি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়, তাহলে তার পরিণতি হতে পারে বহুমুখী ও দীর্ঘস্থায়ী সংঘাত।

'ফ্যামিলি কার্ডে' পাওয়া যাবে নগদ টাকা, প্রথমে পাবেন যারা

কীর্তনখোলা ডেস্ক

দেশে পাঁচ কোটি পরিবারকে 'ফ্যামিলি কার্ড' দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে নবনির্বাচিত বিএনপি সরকার। বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি) সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে এক আন্ত মন্ত্রণালয় সভায় এ সিদ্ধান্ত হয়। বৈঠকের পর এ তথ্য জানান তথ্যমন্ত্রী জহির উদ্দীন স্বপন। বিএনপি চেয়ারম্যান তারেক রহমান নির্বাচনের আগে 'মানবিক, অন্তর্ভুক্তিমূলক ও জবাবদিহিমূলক রাষ্ট্র' বিনির্মাণের প্রতিশ্রুতিতে ৯টি বিষয়ে অগ্রাধিকার দিয়ে ইশতেহার দেন। সেখানে অন্যতম ছিল 'ফ্যামিলি কার্ড'। সে সময় বিএনপির তরফ থেকে জানানো হয়, প্রান্তিক ও নিম্নআয়ের পরিবারকে সুরক্ষা দিতে 'ফ্যামিলি কার্ড' চালু করা হবে। এর মাধ্যমে প্রতি মাসে ২৫০০ টাকা অথবা সমমূল্যের নিত্যপ্রয়োজনীয় পণ্য সরবরাহ নিশ্চিত করা হবে। অর্থ ও পণ্য-সেবার পরিমাণ পর্যায়ক্রমে বাড়ানো হবে বলেও জানানো হয়। সভায় কৃষিমিন্ত্রী আমিন উর রশিদ বলেন, 'এখন পর্যন্ত সিদ্ধান্ত হয়েছে ফ্যামিলি কার্ড হিসেবে নগদ টাকা দেওয়া হবে। এটি পাওয়ার ক্ষেত্রে হতদরিদ্র এবং নারীদের অগ্রাধিকার দেওয়া হবে।' ধাপে ধাপে ফ্যামিলি কার্ড দেওয়া হবে জানিয়ে পরিবেশমন্ত্রী আবদুল আউয়াল মিন্টু জানান, ঈদের আগেই পাইলট প্রকল্প হিসেবে ফ্যামিলি কার্ড চালু হবে। হতদরিদ্র পরিবার সবার আগে ফ্যামিলি কার্ড পাবে। এরপর দরিদ্র পরিবার পাবে। তিনি আরো জানান, নির্বাচনী ইশতেহারে ফ্যামিলি কার্ডের ইস্যু নিয়ে বিস্তারিত উল্লেখ আছে। এটা কার্যকর কিভাবে করবে, সেটা নিয়ে আলোচনা হয়েছে। ফ্যামিলি কার্ড দেওয়া হবে, এটা নিয়ে আলোচনা হয়েছে। এদিকে, বিএনপি সরকারের ১৮০ দিনের কর্মসূচির মধ্যেও প্রত্যেক পরিবারকে 'ফ্যামিলি কার্ড' দেওয়ার বিষয়টি রয়েছে। জানা গেছে, ইতিমধ্যে ১৫ সদস্যের 'ফ্যামিলি কার্ড প্রদানসংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' গঠিত হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনে এই কমিটি গঠনের কথা জানানো হয়। কমিটি ফ্যামিলি কার্ড বাস্তবায়নের একটি উপযুক্ত ডিজাইন ও সুবিধাভোগী নির্বাচন পদ্ধতি প্রণয়ন করবে। এ কমিটির কাজের মধ্যে আরো আছে প্রাথমিক পর্যায়ে দেশের আটটি বিভাগের প্রতিটিতে একটি উপজেলায় 'ফ্যামিলি কার্ড' চালুর ব্যবস্থা, নারীদের জন্য বিদ্যমান অন্য কোনো কর্মসূচিকে ভিত্তি হিসেবে ব্যবহার করা যায় কি না পর্যালোচনা, সুবিধাভোগীদের তথ্যভাণ্ডার প্রণয়নের লক্ষ্যে জাতীয় পরিচয়পত্র ও জাতীয় খানার তথ্যভাণ্ডার আন্ত যোগাযোগ স্থাপনের ডিজিটাল এমআইএস প্রণয়নের সুপারিশ এবং আসন্ন ঈদুল ফিতরের আগে 'ফ্যামিলি কার্ড' বিতরণ করার লক্ষ্যে আগামী মঙ্গলবারের (২৪ ফেব্রুয়ারি) মধ্যে প্রাথমিক প্রতিবেদন প্রণয়ন করা। সমাজকল্যাণ এবং মহিলা ও শিশু বিষয়কমন্ত্রী আবু জাফর মো. জাহিদ হোসেন জানান, রাজনৈতিক বিবেচনায় এই 'ফ্যামিলি কার্ড' প্রদান করা হবে না। ফ্যামিলি কার্ড বিতরণের ক্ষেত্রে কোনো মধ্যস্বত্বভোগীও থাকবে না। এই কার্ড সরাসরি পরিবারের নারী সদস্যদের কাছে পৌঁছে যাবে। এটি দেওয়া হলেও চলমান ভাতাগুলো অব্যাহত থাকবে। 'ফ্যামিলি কার্ড প্রদানসংক্রান্ত মন্ত্রিসভা' কমিটিতে অর্থমন্ত্রীকে সভাপতি করা হয়েছে। এর অন্য সদস্যরা হলেন মহিলা ও শিশু এবং সমাজকল্যাণমন্ত্রী, প্রধানমন্ত্রীর উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, স্থানীয় সরকার প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু এবং সমাজকল্যাণ প্রতিমন্ত্রী, উপদেষ্টা মাহদী আমিন ও রেহান আসিফ আসাদ, মন্ত্রিপরিষদ সচিব, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব, অর্থ বিভাগের সচিব, তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের সচিব, স্থানীয় সরকার সচিব, পরিকল্পনা সচিব ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব।

ব্রাউজারে বন্ধ হচ্ছে মেসেঞ্জার, চলবে না ডেস্কটপেও

কীর্তনখোলা ডেস্ক

প্রযুক্তি সেবা আরও সরলীকরণের অংশ হিসেবে মেটা প্ল্যাটফর্মস ঘোষণা করেছে যে, আগামী এপ্রিল ২০২৬ থেকে মেসেঞ্জার.কম ওয়েবসাইটটি আর চলবে না। এর মানে হলো, ব্রাউজার থেকে সরাসরি মেসেঞ্জার ব্যবহারের সুযোগ বন্ধ হয়ে যাচ্ছে। এর আগে, প্রতিষ্ঠানটি উইন্ডোজ ও ম্যাকের জন্য মেসেঞ্জারের স্বতন্ত্র ডেস্কটপ অ্যাপটি বন্ধ করে দিয়েছিল। এবার ওয়েব সংস্করণও বন্ধ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। মেটা জানিয়েছে, চলতি বছরের ৬ এপ্রিল থেকে মেসেঞ্জার.কম এ প্রবেশের চেষ্টা করলে ব্যবহারকারীরা স্বয়ংক্রিয়ভাবে facebook.com/messages পেজে চলে যাবেন। অর্থাৎ, এখন থেকে ওয়েবের মাধ্যমে বার্তা আদান-প্রদানের জন্য ফেসবুকের মূল সাইট ব্যবহার করতে হবে। তবে, অ্যান্ড্রয়েড ও আইওএস মোবাইল অ্যাপে মেসেঞ্জার ব্যবহার করা আগের মতোই চালু থাকবে এবং সেখানে কোনও পরিবর্তন হবে না। এখন সবচেয়ে বেশি সমস্যায় পড়তে পারেন তারা, যারা ফেসবুক অ্যাকাউন্ট ছাড়াই মেসেঞ্জার.কম ব্যবহার করতেন। ওয়েব সংস্করণ বন্ধ হলে তাদের এখন ফেসবুকে লগইন করে বার্তা দেখতে হবে। ছোট ব্যবসা, কমিউনিটি গ্রুপ বা ব্যক্তিগত যোগাযোগের জন্য যারা ব্রাউজারে আলাদা মেসেঞ্জার ব্যবহার করতেন, তাদের এখন ফেসবুকের মূল ডেস্কটপ সংস্করণে চ্যাট করতে অভ্যস্ত হতে হবে। উল্লেখ্য, ২০১১ সালে ফেসবুক আলাদা অ্যাপ হিসেবে মেসেঞ্জার চালু করেছিল। ধীরে ধীরে এটি বিশ্বের অন্যতম জনপ্রিয় বার্তা আদানুপ্রদানের মাধ্যম হয়ে ওঠে, যা এখন হোয়াটসঅ্যাপের মতো অন্যান্য বার্তা সেবার সঙ্গে প্রতিযোগিতা করছে। গত বছরই মেটা উইন্ডোজ ও ম্যাকের জন্য মেসেঞ্জারের ডেস্কটপ অ্যাপটি বন্ধ করে দেয়। এখন ওয়েব সংস্করণ বন্ধ করা হচ্ছে, যা মেটার বৃহত্তর একীভূতকরণের প্রক্রিয়ার অংশ হিসেবে দেখা হচ্ছে। ডেস্কটপে যারা মেসেঞ্জার ব্যবহার করেন, তাদের ফেসবুকের লগইন তথ্য প্রস্তুত রাখতে হবে। কারণ পরিবর্তন কার্যকর হলে, ওয়েব-এ চ্যাট করতে হলে ফেসবুকে লগইন করা বাধ্যতামূলক হবে। এছাড়া, গুরুত্বপূর্ণ কথোপকথন থাকলে সেগুলি আগেই সংরক্ষণ করে রাখা বুদ্ধিমানের কাজ হতে পারে।

গাজায় সেনা পাঠাচ্ছে ইন্দোনেশিয়াসহ পাঁচ দেশ

কীর্তনখোলা ডেস্ক

ইন্দোনেশিয়া, মরক্কো, কাজাখস্তান, কসোভো ও আলবেনিয়া গাজায় মোতায়েন করতে যাওয়া আন্তর্জাতিক স্থিতিশীলতা সেনা পাঠানোর অঙ্গীকার করেছে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বোর্ড অব পিসের এক বৈঠকে এ তথ্য ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ২১ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০৮ ফাল্গুন ১৪৩২

ঢাকার সঙ্গে আরও ‘জোরদার’ সম্পর্ক দেখতে চায় দিল্লি: জয়সওয়াল

কীর্তনখোলা ডেস্ক

ঢাকা ও নয়াদিল্লির মধ্যকার ‘বহুমাত্রিক’ সম্পর্ক আরও জোরদার করার প্রত্যাশা ব্যক্ত করেছে ভারত। শুক্রবার সাপ্তাহিক ব্রিফিংয়ে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, “আপনারা জানেন, বাংলাদেশের নির্বাচনে ৩ এর পাতায় দেখুন

ভাঙনের কবলে বরগুনার শুভ সন্ধ্যা সমুদ্র সৈকত, হারাচ্ছে পর্যটন সম্ভাবনা

বরগুনা প্রতিনিধি

নদীবেষ্টিত বরগুনা জেলার পর্যটন কেন্দ্রগুলোর মধ্যে অন্যতম একটি পর্যটনস্পট শুভসন্ধ্যা সমুদ্র সৈকত। বঙ্গোপসাগরের কোল ঘেঁষা এ সৈকতের প্রাকৃতিক সৌন্দর্যের পাশাপাশি পর্যটকদের দৃষ্টি আকর্ষণ করছে সৈকত সংলগ্ন একটি বিস্তীর্ণ বনভূমি। তবে ভাঙনের কবলে পড়ে দিনদিন ছোট হয়ে যাচ্ছে নয়নাভিরাম এই পর্যটনস্পটটি। পাশাপাশি সৈকত সংলগ্ন সংরক্ষিত ঝাউবাগানটিও রয়েছে বিলিন হওয়ার পথে। তবে সৈকতের ভাঙন ঠেকাতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আশ্বাস দিয়েছেন বরগুনার পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. আব্দুল হান্নান প্রধান। শুভসন্ধ্যা সমুদ্র সৈকত বরগুনার তালতলী উপজেলা শহর থেকে প্রায় ১৫ কিলোমিটার দূরে নিশানবাড়িয়া ইউনিয়নের নলবুনিয়া নামক এলাকায় অবস্থিত। বঙ্গোপসাগরের কোল ঘেঁষা খড়স্রোতা পায়রা, বিষখালী ও বলেশ্বর নদীর মোহনায় এ সৈকতটির আয়তন প্রায় সাড়ে ৪ কিলোমিটার। তবে সাগরের উত্তাল ঢেউয়ের আঘাতে ভাঙনের কবলে পড়ে শুভসন্ধ্যা সমুদ্র সৈকত ৩ এর পাতায় দেখুন

ছাত্রদল নেতা পুলিশকে বললেন, ‘বিএনপির লোক আপনি থানায় নিতে পারবেন না’

পটুয়াখালী প্রতিনিধি

‘বিএনপির লোক আপনি থানায় নিতে পারবেন না। তারেক রহমানের সিদ্ধান্ত মানছি, অন্য কিছু না। আমরা গণঅধিকার করি না, বিএনপি করি। দুই আসামিকেই নিতে হবে।’ ওয়ারেন্টভুক্ত ছাত্রদল নেতাকে ছাড়িয়ে নিতে পুলিশের সঙ্গে বাগ্?বিতণ্ডায় জড়িয়ে এমন কথা বলছেন পটুয়াখালীর দশমিনা উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আবুল বশার ও তাঁর অনুসারী ব্যক্তিরা। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, বৃহস্পতিবার রাতে ওয়ারেন্টভুক্ত আসামি স্থানীয় ছাত্রদল নেতা রাকিবুল ইসলামকে গ্রেপ্তার করতে যান দশমিনা থানার উপপরিদর্শক (এসআই) মনিরুল ইসলাম। এ সময় গ্রেপ্তারে বাধা দিয়ে পুলিশকে চারদিক থেকে ঘিরে ফেলেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আবুল বশার এবং আসামির অনুসারী প্রায় ৪০ থেকে ৫০ জন ব্যক্তি। প্রায় ৩০ মিনিট ধরে পুলিশ সদস্য ৩ এর পাতায় দেখুন

যাদের উপরে আল্লাহর রহমত বিদ্যমান তাদের সাথেই ওঠাবসা করা উচিত: ছারছীনা পীর

কীর্তনখোলা রিপোর্ট

আমীরে হিযবুল্লাহ ছারছীনা শরীফের পীর ছাহেব আলহাজ্ব হযরত মাওলানা শাহ্ আবু নছর নেছারুদ্দীন আহমদ হুসাইন (মা. জি. আ.) বলেছেন- পবিত্র মাহে রমজান হচ্ছে রহমতের মাস। আল্লাহ রাব্বুল আলামিনের রহমত প্রাপ্তির জন্য সর্বদা আল্লাহর দরবারে শোকর গুজারে নিজেকে নিয়োজিত রাখা এবং রাসূলুল্লাহ (সাঃ) এর সুন্নতের উপরে নিজেদেরকে দায়েম ও কায়েম রাখা আবশ্যক। পক্ষান্তরে যারা আল্লাহর শোকর গুজারির পরিবর্তে নাফরমানি করে, রাসূলুল্লাহ (সাঃ) এর সুন্নাতের অনুসরণ ও অনুকরণকে তুচ্ছ তাচ্ছিল্য করে এবং ব্যক্তি স্বার্থে ক্ষতিকারক কাজের আঞ্জাম দেয়, তাদের উপর থেকে আল্লাহর রহমত দূরে সরে যায়। এজন্য প্রকৃত মুমিন যাদের উপরে আল্লাহর রহমত বিদ্যমান তাদের সাথেই ওঠাবসা করে। যাদের উপর আল্লাহর রহমত নাই আমরা তাদের সাথে সম্পর্ক রাখার ইচ্ছা পোষণ করি না। পবিত্র মাহে রমাদান একই সাথে মাগফেরাত, নাজাতের মাস। প্রকৃতপক্ষে নফসের কামনা ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরকে ‘ক্লিন সিটি’ গড়ার মহাপরিকল্পনা গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রীর

পিরোজপুর প্রতিনিধি

গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর প্রথমবার নিজ জেলা পিরোজপুরে পা রাখলেন আহম্মদ সোহেল মনজুর সুমন। শুক্রবার (২০ ফেব্রুয়ারি) সকালে তিনি ঢাকা থেকে সড়ক পথে পিরোজপুরে পৌঁছান। পিরোজপুরে পৌঁছালে জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন এবং বিএনপি ও অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা তাকে উষ্ণ অভ্যর্থনা ও ফুলেল শুভেচ্ছা জানান।পরে সার্কিট হাউস প্রাঙ্গনে তাকে গার্ড অব অনার প্রদান করা হয়। ?জেলা সার্কিট হাউসের হলরুমে আয়োজিত মতবিনিময় সভায় দলীয় ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা গ্রহণ শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় পিরোজপুরকে একটি আধুনিক ও ‘ক্লিন সিটি’ হিসেবে গড়ে তুলতে ১৮০ দিনের বিশেষ উন্নয়ন রোডম্যাপ ঘোষণা করেছেন ৩ এর পাতায় দেখুন

নির্বাচন পরবর্তী সহিংসতা প্রতিরোধে মতবিনিময় সভা

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় দি হাঙ্গার প্রজেক্ট এর পিস ফ্যাসিলেটর গ্রুপ পিএফজির আয়োজনে নির্বাচন পরবর্তী সহিংসতা প্রতিরোধ ও সামাজিক সম্প্রীতি প্রতিষ্ঠায় করণীয় বিষয়ক নাগরিক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে উপজেলা পরিষদ হলরুমে উপজেলা পিস ফ্যাসিলেটর গ্রুপ পিএফজির কো-অর্ডিনেটর জেমস রিপন বাড়ৈর সভাপতিত্বে নির্বাচন পরবর্তী সহিংসতা প্রতিরোধ ও সামাজিক সম্প্রীতি প্রতিষ্ঠায় করণীয় বিষয়ক নাগরিক মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, উপজেলা সুশাসনের জন্য নাগরিক সুজনের সভাপতি ড. বিনয় ভুষন রায়, দি হাঙ্গার প্রজেক্ট ৩ এর পাতায় দেখুন

বাউফলে এমপির নেতৃত্বে পরিচ্ছন্নতা অভিযান

বাউফল প্রতিনিধি

পটুয়াখালী-২ (বাউফল) আসনের নবনির্বাচিত সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদের নেতৃত্বে পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত হয়েছে। ক্লিন বাউফল-গ্রিন বাউফল স্লোগানে শুক্রবার (২০ ফেব্রুয়ারি) সকালে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চত্বরের বর্জ্য অপসারণ ও পরিষ্কার-পরিচ্ছন্ন করার মধ্য দিয়ে পরিচ্ছন্নতা অভিযান কার্যক্রম শুরু হয়। এ সময় এমপি মাসুদ ঝাড়ু হাতে নিয়ে নিজেই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিষ্কার-পরিচ্ছন্ন করার কাজ করেন। তার সঙ্গে যুক্ত হন জামায়াতে ইসলামীর স্থানীয় নেতাকর্মী। পরে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বাংলাদেশ জামায়াতে ৩ এর পাতায় দেখুন

লেবুর রাজ্যে লেবুর আকাল দাম আকাশ ছোঁয়া

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির সদর উপজেলার কির্তীপাশা ইউনিয়নের ভীমরুলী এলাকায় লেবু উৎপাদন বেশি হওয়ায় লেবুর রাজ্য নামে পরিচিত। এখানের কৃষকেরা বানিজ্যিকভাবে লেবুর চাষ করেন। ভীমরুলীর লেবুর চাহিদা এবং সুখ্যাতি দেশজুড়ে। এখানের ভাসমান হাটে কৃষকেরা নৌকায় করে এবং স্থলেও গাড়িতে করে পাইকারি বিক্রি করতে আনেন। যদিও বর্ষাকালের তুলনায় এ মৌসুমে লেবু ৩ এর পাতায় দেখুন

দোকানে হামলা-ভাঙচুর : স্বেচ্ছাসেবক দলের নেতা গ্রেফতার

কুয়াকাটা প্রতিনিধি

পর্যটনকেন্দ্র কুয়াকাটায় দোকানে হামলা-ভাঙচুরসহ নগদ টাকা ছিনিয়ে নেওয়ার ঘটনায় মাকসুদ আকন নামে সেই স্বেচ্ছাসেবক দলের নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) রাত ১০টার দিকে কুয়াকাটার হোসেনপাড়া এলাকায় অভিযান চালিয়ে

তাকে গ্রেপ্তার করা হয়। আটক মাকসুদ আকন (৩০) হুইচ্যানপাড়া মহল্লার সালাম আকনের ছেলে এবং পৌর শহরের ৯নং ওয়ার্ডের স্বেচ্ছাসেবক দলের নেতা। এর আগে বৃহস্পতিবার সকালে পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকতের জিরো পয়েন্ট এলাকায় কুয়াকাটায় তানিশা আচারঘর নামের একটি ব্যবসা প্রতিষ্ঠানে লাঠিসোঁটা নিয়ে মাকসুদের নেতৃত্বে হামলা-ভাঙচুর চালানো হয়। এ সময় ম্যানেজারকে মারধর করে ওই দোকানের ক্যাশ থেকে নগদ ২২ হাজার টাকা ছিনতাই করে ৩ এর পাতায় দেখুন

খানাখন্দে বেহাল দশা বরগুনার সড়ক; আশ্বাসে বন্দি সংস্কার

বরগুনা প্রতিনিধি

সংস্কারের অভাবে বরগুনার বেশিরভাগ গ্রামীণ সড়ক হয়ে উঠেছে চলাচলের অনুপযোগী। খানাখন্দে ভরা এসব সড়কে ঘটছে দুর্ঘটনা, ব্যাহত হচ্ছে যান চলাচল। এমন পরিস্থিতিতে দ্রুত সড়ক সংস্কারের দাবি স্থানীয়দের। আর স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বলছে, টেন্ডার প্রক্রিয়া শুরু হলে পাল্টে যাবে বরগুনার চিত্র। পিচ ও পাথর উঠে সৃষ্টি হয়েছে অসংখ্য গর্ত। বর্ষায় কাদা, আর শুষ্ক মৌসুমে ধুলায় যাত্রী ও চালকরা পড়েন চরম ভোগান্তিতে। বরগুনার বেশিরভাগ গ্রামীণ সড়কের। সবচেয়ে বেশি বিপাকে পড়েন রোগী ও স্কুলগামী শিশুরা। এতে শুধু ৩ এর পাতায় দেখুন

সেবা বঞ্চিত দুই লক্ষাধিক মানুষ

রাজাপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ৮৬ পদে কেউ নেই

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে ৫০ শয্যাবিশিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসক, কর্মচারীসহ ৮৬ পদ শূন্য থাকায় সেবা বঞ্চিত হচ্ছেন উপজেলার দুই লক্ষাধিক মানুষ। পদগুলো প্রায় ১৫ বছর ধরে বিভিন্ন মেয়াদে শূন্য রয়েছে বলে জানা গেছে। এদের মধ্যে ৯ জন চিকিৎসক, ৭ জন দ্বিতীয় শ্রেণীর কর্মচারী, ৪২ জন তৃতীয় শ্রেণীর কর্মচারী, ১৭ জন চতুর্থ শ্রেণীর কর্মচারী ৩ এর পাতায় দেখুন

যানবাহন চলাচল বন্ধ

দুই উপজেলার সংযোগ সেতু এখন মরণফাঁদ

বাকেরগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাকেরগঞ্জ ও নলছিটি এই দুই উপজেলার সীমান্তবর্তী এলাকা বিষখালী নদীর শাখা খালের উপর নির্মিত সেতুটি বাকেরগঞ্জের রঙ্গশ্রী ও নলছিটি সিদ্ধকাঠি ইউনিয়ন হয়ে দুই উপজেলার সঙ্গে সংযোগ হয়েছে। দুই উপজেলার মানুষের যাতায়াতে এই সংযোগ সেতুটি এখন পরিণত হয়েছে মরণফাঁদে। দীর্ঘ এক যুগ ধরে সেতুটিতে যানবাহন চলাচল পুরোপুরি বন্ধ। এখন ভোগান্তির শেষ নেই দুই উপজেলার হাজারো মানুষের। স্থানীয় সূত্র জানায়, ১৯৯২ সালে বাকেরগঞ্জ এলজিইডি কর্তৃপক্ষ সেতুটি নির্মাণ ৩ এর পাতায় দেখুন

মেঘনা ও তেতুলিয়া নদীতে মিলছে না ইলিশের দেখা

ভোলা প্রতিনিধি

রমজান মাসেও ভোলার মেঘনা ও তেতুলিয়া নদীতে ইলিশের তীব্র সংকট দেখা দিয়েছে। দিন-রাত জাল ফেলেও জেলেদের জালে ধরা পড়ছে না কাঙ্ক্ষিত বড় আকারের ইলিশ। ফলে বাজারে সরবরাহ কমে যাওয়ায় বেড়েছে ইলিশের দাম। এতে বিপাকে পড়েছেন খুচরা ক্রেতারা, আর হতাশায় দিন কাটছে জেলেদের। মাছ ব্যবসায়ীরা জানান, সরবরাহ কম থাকায় সপ্তাহের ব্যবধানে প্রতিকেজি ইলিশের দাম বেড়েছে ১০০ থেকে ১৫০ টাকা। বর্তমানে প্রতি কেজি ইলিশ বিক্রি হচ্ছে ২ হাজার ৮০০ থেকে ৩ হাজার টাকায়। আকারভেদে কিছু ক্ষেত্রে দাম আরও বেশি চাওয়া হচ্ছে। ক্রেতারা বলছেন, রমজানে ইলিশের চাহিদা বাড়লেও বাজারে ইলিশসহ নদীর মাছের স্বল্পতার কারণে দাম সাধারণ মানুষের নাগালের ৩ এর পাতায় দেখুন

লালমোহনে সেচ প্রকল্প দখলের অভিযোগ, ধান আবাদ নিয়ে শঙ্কায় কৃষকরা

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহন উপজেলায় বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের (বিএডিসি) সেচ প্রকল্প জোরপূর্বক দখলের অভিযোগ পাওয়া গেছে। উপজেলার কালমা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের লেজছকিনা এলাকার একতা বাজার সংলগ্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এ ঘটনা ঘটেছে। এ ঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন সেচ প্রকল্পের মালিক মো: ইউসুফ। তিনি ওই এলাকার বেপারী বাড়ির মো: মোফাজ্জল হোসেনের ছেলে। সেচ প্রকল্প ৩ এর পাতায় দেখুন



মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com